# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 21, 1430 Bangla, March 05, 2024, Tuesday, No. 65, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, "Repatriation of Rohingya is very important, but due to the internal conflict in Myanmar, it is now very difficult." (VOA : 10)

Finance Minister Abul Hasan Mahmud Ali comments, all the economic indicators are increasing, so there is no uncertainty and despair here. (VOA : 7)

BNP SG Mirza Fakhrul says totalitarian corruption of the AL govt and the consumption of ghee by borrowing, the country is now crushed under the wheel of debt of about TK 20 lakh crores. (VOA : 8)

Industries Minister Noorul Majid Mahmud Humayun urges people to have Iftar with plums and guavas instead of grapes and dates. (Jago FM : 15)

Myanmar army is fighting a fierce battle with Arakan Army to retake Rakhine State. Sound of gunfire has been echoing across the border of Ukhia-Teknaf intermittently for three days. (Jago FM : 17)

BNP leader RK Rizvi says, people did not vote for them in the dummy elections, which increased the oppression. So, to take revenge, govt has again increased the price of gas and electricity. (R. Today: 14)

Mobile court has declared two multi-storied commercial buildings at Dhanmondi as dangerous and fined four establishments for not taking fire license and violating fire license conditions. (VOA: 9)

88% buildings in Dhaka are illegal and remaining has been disturbed in one way or another. But no action has been taken against dishonest officials and employees of various govt agencies involved in these irregularities. (DW:12)

Urban planners say, coordinated campaign of all govt agencies are needed. Otherwise, this operation will not be useful. Employees are being arrested, it is unfair. Owners are not arrested yet.' (DW: 12)

RAB conducts anti-broker operation at DMCH. 58 brokers have been arrested. Some fourth class employees and staff of the hospital are involved in the gang. (Jago FM : 20)

One lakh metric tonnes of sugar were burnt in a fire incident at S Alam Group's sugar factory in Karnaphuli, Chittagong. (Jago FM : 18)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২১, বাংলা ১৪৩০, মার্চ ০৫, ২০২৪, মঙ্গলবার, নং- ৬৫, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মিয়ানমারে অভ্যন্তরীণ সংঘাতের কারণে দেশটির বাস্তুচ্যুত নাগরিকদের প্রত্যাবাসনের কাজ খুবই কঠিন হয়ে পড়েছে। তিনি বলেন, "রোহিঙ্গাদের প্রত্যাবাসন খুবই গুরুত্বপূর্ণ, কিন্তু মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতের কারণে এটি এখন খুব কঠিন হয়ে পড়েছে।" (ভোয়া : ১০)

অর্থনৈতিক সবগুলো সূচক বাড়ছে, কাজেই এখানে অনিশ্চয়তা ও হতাশার কিছু নেই বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। (ভোয়া : ৭)

মির্জা ফখরুল বলেন, উন্নয়নের নামে আওয়ামী লীগ সরকারের সর্বগ্রাসী দুর্নীতি আর ঋণ করে ঘি খাওয়ার পরিণতিতে দেশ এখন প্রায় ২০ লাখ কোটি টাকা ঋণের চাকায় পিষ্ট। (ভোয়া : ৮)

আঙুর-খেজুরের পরিবর্তে বরই-পেয়ারা দিয়ে ইফতার করার পরামর্শ দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। (জাগো এফএম : ১৫)

মিয়ানমারের রাখাইন রাজ্য পুনরুদ্ধারে আরাকান আর্মির সঙ্গে দেশটির সেনাবাহিনীর তুমুল যুদ্ধ। এমন পরিস্থিতিতে তিনদিন ধরে থেমে থেমে উখিয়া-টেকনাফ সীমান্তের এপারে ভেসে আসছে গোলার বিকট শব্দ। (জাগো এফএম : ১৭)

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির কবির রিজভী বলেছেন, ডামি নির্বাচনে জনগণ তাদের ভোট না দেওয়ায় জুলুম আরো বাড়িয়ে দিয়েছে। তাই জনগণের বিরুদ্ধে প্রতিশোধ নিতে আবারও গ্যাস বিদ্যুতের দাম বাড়িয়েছে সরকার। (রে. টুডে : ১৪)

বাংলাদেশের রাজধানী ঢাকার ধানমন্ডি এলাকার দুটি বহুতল বাণিজ্যিক ভবনকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করেছে ভ্রাম্যমাণ আদালত। এ ছাড়া, ফায়ার লাইসেন্স না নেওয়ায় এবং ফায়ার লাইসেন্সের শর্ত ভঙ্গ করায় চারটি প্রতিষ্ঠানকে মোট ৬ লাখ টাকা জরিমানা করা হয়েছে। (ভোয়া : ৯)

ঢাকার ৮৮ শতাংশ ভবন অবৈধ এবং বাকিগুলো কোনো না কোনোভাবে বিপর্যস্ত। কিন্তু এসব অনিয়মের সঙ্গে জড়িত বিভিন্ন সরকারি সংস্থার অসাধু কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। (ডয়চে ভেলে:১২)

নগর পরিকল্পনাবিদরা বলছেন, সব সরকারি সংস্থার সমন্বিত প্রচারণা দরকার। অন্যথায়, এই অপারেশন কার্যকর হবে না। কর্মচারীদের গ্রেফতার করা হচ্ছে, এটা অন্যায়। মালিকরা এখনও গ্রেফতার হয়নি। (ডয়চে ভেলে: ১২ )

ঢামেক হাসপাতালে দালাল বিরোধী অভিযান চালাচ্ছে র‍্যাব। গ্রেফতার করা হয়েছে ৫৮ জন দালালকে। হাসপাতালের কয়েকজন চতুর্থ শ্রেণীর কর্মচারী ও কর্মচারী এই চক্রের সঙ্গে জড়িত। (জাগো এফএম : ২০ )

চট্টগ্রামের কর্ণফুলীতে দেশের বৃহত্তম শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের চিনি কারখানায় লাগা আগুনে এক লাখ মেট্রিক টন চিনি পুড়ে গেছে। এই বিপুল পরিমাণ চিনি আসন্ন রমজান ঘিরে আমদানি করা হয়েছিল। (জাগো এফএম : ১৮)

# বিবিসি

## 'হিন্দু-মুসলিম' জটিলতায় মর্গে আটকে রয়েছে নারী সাংবাদিকের মৃতদেহ

ঢাকার বেইলি রোডে অগ্নিকাণ্ডে নিহত এক নারী সাংবাদিকের পরিচয় জটিলতায় চারদিন ধরে মর্গে পড়ে আছে তার মরদেহ। গত বৃহস্পতিবার রাতে রাজধানীর বেইলি রোডের অগ্নিকাণ্ডে মারা যান ঐ নারী সাংবাদিক। 'অভিশ্রুতি শাস্ত্রী' নামে পরিচিত সাংবাদিক কাজ করতেন 'দ্যা রিপোর্ট ডট লাইভ' নামের একটি নিউজ পোর্টালে। গত শুক্রবার তার পিতা মরদেহ গ্রহণ করতে আসার পরই ধোঁয়াশা তৈরি হয়। তখন ফিঙ্গারপ্রিন্টের মাধ্যমে পুলিশ অভিশ্রুতির নাম বৃষ্টি খাতুন নিশ্চিত হয়ে লাশ হস্তান্তরের উদ্যোগ নেয়। তবে ঐ রাতেই রমনা কালী মন্দিরের কর্তৃপক্ষের আপত্তির কারণে তার মরদেহ আর হস্তান্তর করা হয়নি। গত বৃহস্পতিবার রাতে আগুনে মারা যাওয়া ঐ নারী সাংবাদিকের লাশ এখন রয়েছে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে। ডিএনএ পরীক্ষার রিপোর্টের পর ঐ লাশ হস্তান্তর করার কথা জানিয়েছে পুলিশ। গত শনিবার ঐ নারী সাংবাদিকের মরদেহ থেকে নমুনা সংগ্রহ করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ফরেনসিক বিভাগ। আর রোববার তার পিতা শাবরুল আলম সবুজের নমুনা সংগ্রহ করে পুলিশ। রমনা থানার ওসি উৎপল দাস বিবিসি বাংলাকে বলেন, "ঐ নারী সাংবাদিকদের পরিচয় নিয়ে নানামুখী বক্তব্য ও কারো কারো আপত্তির কারণেই লাশ হস্তান্তর করা হয়নি। ডিএনএ টেস্টের রিপোর্ট পাওয়ার পরই হস্তান্তর করা হবে মরদেহ।" ডিএনএ টেস্টের ফলাফল তৈরি হতে অনেকটা সময় লাগে। এক্ষেত্রে কমপক্ষে ১৫ দিন থেকে এক মাস সময় লাগতে পারে বলে জানিয়েছে পুলিশের এই কর্মকর্তা। ঐ নারী সাংবাদিকের পিতা শাবরুল আলম সবুজ বিবিসি বাংলাকে বলেন, "আমি ডিএনএ দিয়েছি, সব তথ্য দিয়েছি। এখন অপেক্ষা করছি লাশটার জন্য।" ঐ নারী সাংবাদিক গত আট মাস ধরে নির্বাচন কমিশন বিটের সংবাদ সংগ্রহ করতো। দ্বাদশ জাতীয় নির্বাচনের পর ফেব্রুয়ারিতে তিনি ঐ প্রতিষ্ঠানের চাকরি ছেড়ে দেন। তার যোগ দেয়ার কথা ছিল আরেকটি সংবাদ মাধ্যমে।

তার সহকর্মীরা জানান, গত বৃহস্পতিবার রাতে রাজধানীর বেইলি রোডে গ্রিন কোজিতে অগ্নিকাণ্ডের সময় তিনি বন্ধু তুষার হালদারসহ ছিলেন ঐ ভবনে। বৃহস্পতিবার রাতের পর থেকে তার আর কোন খোঁজ পাওয়া যাচ্ছিল না। শুক্রবার সকালে রাজধানীর শেখ হাসিনা বার্ন ইন্সটিটিউটের মর্গে পাওয়া যায় তার বন্ধু তুষার হালদারের মরদেহ। এর কিছুক্ষণ পর সহকর্মীরা ঐ নারী সাংবাদিকের লাশ শনাক্ত করেন শেখ হাসিনা জাতীয় বার্ন ইন্সটিটিউটে। লাশ শনাক্তের পর তার পরিবারের সদস্যদের সাথে তাৎক্ষণিক যোগাযোগের চেষ্টা করে সহকর্মীরা। তার বায়োডাটায় দেয়া ঠিকানা অনুযায়ী যোগাযোগের চেষ্টা করেন নির্বাচন কমিশনের দুই সাংবাদিক মেহেদী হাসান হাসিব এবং নূপুর মাহমুদ। বিবিসি বাংলাকে মেহেদী হাসান হাসিব বলেন, "অভিশ্রুতির দেয়া ঠিকানা অনুযায়ী সিদ্ধেশ্বরী কালি মন্দির এলাকায় তার ছবি দেখিয়ে পরিচয় জিজ্ঞেস করি। কেউ তার কোন ঠিকানা দিতে পারেনি"। পরবর্তীতে তার গ্রামের বাড়ি কুষ্টিয়ার খোকসা থানার বনগ্রামে যোগাযোগ করা হয়। কয়েক দফার চেষ্টার পর দুপুরের দিকে তার পিতার নম্বর পেয়ে সহকর্মীরা যোগাযোগ করে। দুপুরের পর শেখ হাসিনা বার্ন ইন্সটিটিউটে ছুটে আসেন এক ব্যক্তি। তখন ঐ ব্যক্তি জানান তার নাম শাবরুল আলম সবুজ। নিহত তরুণীর মরদেহটি দেখে তিনি কান্নায় ভেঙে পড়েন। শনাক্ত করেন লাশটি তার মেয়ের। তিনি তখন জানান, "ওর নাম অভিশ্রুতি না, বৃষ্টি খাতুন। গ্রামে নাম বৃষ্টি, স্কুলে নাম বৃষ্টি, কুষ্টিয়া গভর্নমেন্ট মহিলা কলেজে যখন পড়েছে তখনও তার নাম বৃষ্টি, ইডেনে ভর্তিও হয়েছিলো একই নামে।" তখন সেখানে উপস্থিত ছিলেন দৈনিক যুগান্তর পত্রিকার সিনিয়র রিপোর্টার কাজী জেবেল।

বিবিসি বাংলাকে তিনি বলেন, "তার নাম বৃষ্টি খাতুন বলার পর বিষয়টি নিয়ে একটা ধোঁয়াশা তৈরি হয়। তখন শাবরুল আলম সবুজ তার নিজের ও মেয়ের জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য তথ্যও দেখান পুলিশ ও উপস্থিত সহকর্মীদের।" সাংবাদিকতা পেশায় এই সাংবাদিককে সবাই অভিশ্রুতি শাস্ত্রী নামেই চিনতেন। সেই নামেই তিনি খবর লিখতেন। তার ফেইসবুক নামও বাংলায় আছে 'অভিশ্রুতি শাস্ত্রী' নামে। নির্বাচন কমিশন বিটের সাংবাদিক সংগঠন আরএফএইডির সভাপতি একরামুল হক সায়েম বিবিসি বাংলাকে বলেন, "গত কয়েক মাস ধরে সে নির্বাচন কমিশন বিটে নিউজ কাভারেজে আসতো। আমরা তাকে অভিশ্রুতি শাস্ত্রী নামেই জানি। তার মারা যাওয়ার খবর পাওয়ার পর তাকে বার্ন ইন্সটিটিউটে ঐ নামেই শনাক্ত করা হয়েছে।" তবে, তার জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র, ইডেন কলেজের তথ্য এবং চাকরির জন্মবৃত্তান্তে বাবা-মায়ের নামে বিভিন্ন রকম তথ্য পাওয়া গেছে। যদিও, স্থায়ী ঠিকানা সব জায়গায় একই। তার মৃত্যুর খবর পেয়ে শাবরুল আলম সবুজ যখন ঢাকা মেডিকেলে ছুটে যান সেখানে তিনি একটি জাতীয় পরিচয়পত্র বা এনআইডি দেখান। তাতে ২০২১ সালের জুলাই মাসে নির্বাচন কমিশন থেকে তার যে জাতীয় পরিচয়পত্র তৈরি হয়েছে, সেখানে তার নাম রয়েছে বৃষ্টি খাতুন। আর পিতার নাম সবুজ শেখ আর মাতার নাম বিউটি বেগম। শাবরুল আলম সবুজ বিবিসি বাংলাকে বলেন, "অভিশ্রুতি ওর নিজের দেয়া নাম। ওটা সাজানো নাম। গ্রাম, স্কুল কলেজ সব জায়গায় ওকে বৃষ্টি নামেই চেনে।"

বিবিসি বাংলার এই সংবাদদাতা নির্বাচন কমিশন ও জন্ম নিবন্ধনের বিভিন্ন তথ্য নিজে অনুসন্ধান করেছেন। যেখানে দেখা গেছে, ২০২৩ সালে নির্বাচন কমিশনে তার পুরনো জাতীয় পরিচয়পত্র বা এনআইডি সংশোধনের আবেদন করেছিলেন ঐ নারী সাংবাদিক। সেখানে তিনি তার 'বৃষ্টি খাতুন' নাম সংশোধন করে 'অভিশ্রুতি শাস্ত্রী' করার আবেদন করেন। একই সাথে জন্ম নিবন্ধন অনুযায়ী বয়সও দুই বছর কমানোর আবেদন করেন। নাম সংশোধন করতে গিয়ে

তিনি একটি জন্ম নিবন্ধন সনদ জমা দিয়েছেন নির্বাচন কমিশনে। তাতে দেখা যায়, তার নাম অভিশ্রুতি শাস্ত্রী, বাবার নাম শাবরুল আলম আর মায়ের নাম বিউটি বেগম। এই সনদে তার জন্ম তারিখ ২৫শে ডিসেম্বর ২০০০ সাল। তবে ঐ জন্ম নিবন্ধন সনদটির সত্যতা যাচাই করে দেখা গেছে, যেটি কুষ্টিয়ার আফরোজা খাতুন নামের একজন নারীর জন্ম সনদ। যার জন্ম তারিখ ২৫শে ডিসেম্বর ২০০০ সাল। ঐ জন্ম নিবন্ধন সনদ দিয়ে 'বৃষ্টি খাতুন' নাম সংশোধনের আবেদন করলেও নির্বাচন কমিশন থেকে পাওয়া তথ্য খুঁজে দেখা যাচ্ছে, তার এনআইডি সংশোধনের আবেদনটি এখনো এপ্রুভড বা গৃহীত হয়নি। এদিকে, রমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উৎপল বড়ূয়া বিবিসি বাংলাকে বলেন, "অভিশ্রুতি বলেন আর বৃষ্টি বলেন, ঐ নারী সাংবাদিকের পিতার নাম ঠিক আছে সব জায়গায়। কিন্তু সে যে জন্ম নিবন্ধন করেছে সেখানে তার নাম অভিশ্রুতি শাস্ত্রী। যেটার কারণেই আমরা আটকে আছি।" ঐ সাংবাদিকদের চাচাতো ভাই আনোয়ার হোসেন বাপ্পী বিবিসি বাংলাকে বলেন, "ছোটবেলা থেকে আমরা এক সাথে বড় হয়েছি। স্কুল কলেজ বাড়ি সবখানেই আমরা বৃষ্টি নামেই জানি। অভিশ্রুতি নাম শুনলাম ও মারা যাওয়ার পর।" চাকরির জন্য ঐ নারী সাংবাদিক একটি জীবন বৃত্তান্ত বা বায়োডাটা প্রস্তুত করেছিলেন। সেখানে দেখা যায় তার নাম অভিশ্রুতি শাস্ত্রী এবং পিতা অভিরূপ শাস্ত্রী ও মাতা অর্পণা শাস্ত্রী। যাতে তার ধর্ম পরিচয়ের জায়গায় লেখা রয়েছে 'সনাতন'।

তার পরিচয় নিয়ে এমন জটিলতার মধ্যে গত শুক্রবার রাতে ফেইসবুকে একটি স্টাটাস দেন মো. মাহফুজুর রহমান নামে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র। সেখানে তিনি জানান 'অভিশ্রুতি বৃষ্টি' নামেই তিনি ঐ নারী সাংবাদিককে চিনতেন, তার সাথে পারিবারিক সম্পর্কও ছিল বলেও দাবি এই যুবকের। রোববার মো. মাহফুজুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "ও যাদেরকে মা-বাবা হিসেবে পরিচয় দিতো তারা ছিলও মুসলিম। তবে 'অভিশ্রুতি' সনাতন ধর্মে বিশ্বাসী ছিল। কারণ ওর ধারণা ছিল ওর বাবা মা ওকে দত্তক হিসেবে নিয়েছিল। যদিও তার মায়ের সাথে আমি কথা বলে যতটুকু জেনেছি সে ঐ পরিবারেই জন্ম নিয়েছে।" মি. রহমান বলেন, "সে সাধারণভাবে সনাতন ধর্ম পালন করতো। দিন শুরু করতো মন্ত্র দিয়ে। নিয়মিত পূজায় যেতো। হয়তো ও হিন্দু ধর্ম মনে প্রাণে বিশ্বাস করতো"। হিন্দু ধর্ম মেনে পূজা করা কিংবা অন্য ধর্মীয় আচার-রীতি পালনের ছবি ফেইসবুক পোস্টে সে প্রচার করতো বলেও তার বন্ধুরা জানিয়েছে। সে সব ছবি দেখেই পরিবারের সদস্যরা বিষয়গুলো নিয়ে জানতো বলে তারা জানায়। তার সহকর্মী নির্বাচন কমিশন বিটের সাংবাদিক সংগঠন আরএফইডির দপ্তর সম্পাদক মেহেদী হাসান হাসিব বলেন, "অভিশ্রুতিকে আমরা হিন্দু হিসেবেই জানি সবাই। এমনকি গত কয়েকদিন আগে সে তার জন্মদিনে আমাদের দাওয়াত দিয়েছিলো। সে তার জন্মদিন পালন করেছে রমনা কালি মন্দিরে। আমরা সেখানে গিয়েছি"। বেইলি রোডের অগ্নিকাণ্ডের পরদিন সকালে ঐ নারী সাংবাদিকদের মরদেহ শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে শনাক্তের পর দুপুরের দিকে তার সেখানে যান রমনা কালি মন্দিরের সভাপতি উৎপল সাহা। সেখানে ঐ নারী সাংবাদিকের পিতা ও পরিবারের সদস্যরা তাকে মুসলিম দাবি করলে তখন সনাতন ধর্মাবলম্বীরা বিষয়টি নিয়ে ক্ষুব্ধ হন। তখন শাবরুল আলম সবুজকে পুলিশ আটকও করে, পরে আবার ছেড়ে দেয়। রমনা কালি মন্দিরের সভাপতি উৎপল সাহা বিবিসি বাংলাকে বলেন, "মেয়েটা আমাদের মন্দিরে আসতো, পূজা দিতো। সব সময় তুলশী মালা পড়তো। আমাদের ঠাকুর কর্তা তাকে পূজা দেয়াতো। তাকে দেখে বোঝার উপায় ছিল না এই মেয়ে এমন একটা পরিবার থেকে এসেছে।"

এদিকে, গত শুক্রবার থেকে মেয়ের লাশ নিতে মর্গ আর আইন-শৃঙ্খলা বাহিনীর কাছে ঘুরছেন কুষ্টিয়ার শাবরুল আলম সবুজ। রোববার তিনি বিবিসি বাংলাকে বলেন, "যে যে প্রমাণ লাগে তার সবই দিয়েছি। আর কী করে প্রমাণ দিতে হবে? ও আমার মেয়ে, ও মুসলিম। অভিশ্রুতি ওর সাজানো নাম।"শুক্রবার শনাক্তের পরই জাতীয় পরিচয়পত্র ও ফিঙ্গার প্রিন্টের মাধ্যমে ঐ নারী সাংবাদিকদের লাশ তার পিতা শাবরুল আলম সবুজের কাছে হস্তান্তরের সব প্রক্রিয়া প্রায় শেষ হয়েছিলো। কিন্তু রাত পৌনে বারোটার দিকে তা হঠাৎই আটকে দেয় পুলিশ। পুলিশ জানায় লাশের পরিচয় নিয়ে সনাতন ধর্মাবলম্বীদের আপত্তি ও তার জন্ম নিবন্ধন সনদে নামের কারণেই তারা লাশটি হস্তান্তর না করার সিদ্ধান্ত নেন। তখন ডিএনএ পরীক্ষার পর হস্তান্তরের সিদ্ধান্ত নেন। শুক্রবার রাতে মূলত রমনা কালি মন্দির কর্তৃপক্ষ থানায় একটি লিখিত আবেদনে করে জানায়, ঐ নারী সাংবাদিক হিন্দু ধর্মে বিশ্বাসী। কিন্তু তার পরিবার তাকে মুসলিম দাবি করার কারণেই তারা পরিচয় শনাক্ত না করে হস্তান্তরে আপত্তি জানিয়েছে। শনিবার ঐ তরুণীর মরদেহ থেকে ডিএনএ সংগ্রহ করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ফরেনসিক বিভাগ।

রোববার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ফরেনসিক বিভাগের প্রধান কাজী গোলাম মোখলেসুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "ডিএনএ পরীক্ষার জন্য শনিবার ঐ তরুণীর মরদেহ থেকে স্যাম্পল সংগ্রহ করে অ্যানালাইসিসের জন্য পুলিশের কাছে হ্যান্ডওভার করে দিয়েছি। পুলিশ এটা ল্যাবে নিয়ে যাবে।" মি. রহমান বলেন, "আমরা ডেড বডিরটা নিয়েছি। পুলিশ তার বাবারটা নিয়ে তারপর অ্যানালাইসিস করে দেখবে ম্যাচ করে কি না। এই নমুনা পরীক্ষার জন্য ম্যাক্সিমাম এক থেকে দুই সপ্তাহ লাগে"। ঢাকা মেডিকেল কর্তৃপক্ষ জানিয়েছে, পরিচয় শনাক্ত হওয়ার আগ পর্যন্ত ঐ তরুণীর মরদেহ মর্গেই থাকবে। পরিচয় শনাক্ত হলেই কেবল তা পরিবারের কাছে হস্তান্তর করবে পুলিশ। রমনা থানার ওসি উৎপল বড়ূয়া বিবিসি বাংলাকে বলেন, "ওই তরুণী ও তার বাবার ডিএনএ গ্রহণ করা হয়েছে। এটা একটা প্রক্রিয়াগত ইস্যু আছে। আমি যতটুকু জানি এটা পরীক্ষা করতে পনেরো দিন থেকে এক মাস সময় লাগে"। মি. বড়ূয়া বলছেন, "দুই তথ্যে নামের ভিন্নতার কারণে তাদের ডিএনএ পরীক্ষা করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। পরীক্ষায় শনাক্ত না

হওয়া পর্যন্ত লাশ কাউকে দেয়া যাবে না। শাবলুল আলম সবুজ জানিয়েছেন, “সিআইডি অফিসে আমাকে ডেকেছিলো। এখানে আমার কাছ থেকে ডিএনএ নিয়েছে। এটা এখন আগামীকাল (সোমবার) জানাবে বলে বলেছেন। যত ধরনের প্রমাণ লাগে সব আমি দিয়েছি”। তবে রোববার রমনা কালি মন্দিরের সভাপতি উৎপল সাহা বলেছেন “এটা এখন আমাদের কাছে অনেকটাই স্পষ্ট যে আসলে কে। আমরা চাই তার পিতার কাছে তাকে ফিরিয়ে দেয়া হোক। মা বাবার কাছে ফিরিয়ে দেয়া হোক। সে জায়গায় তাকে ফিরিয়ে দেয়া হোক। আমরা জানতাম না বলেই সেখানে গিয়েছিলাম”। (বিবিসি ওয়েব পেজ:০৪.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

**স্বজন হারানোর দুঃখের গভীরতা আমার মতো আর কেউ অনুধাবন করতে পারবে না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, “স্বজন হারানোর দুঃখের গভীরতা আমার মতো আর কেউ অনুধাবন করতে পারবে না, যেমনটা আমি করি।” সোমবার (৪ মার্চ) রাজধানী ঢাকার পিলখানায় বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদর দপ্তরে বিজিবির বার্ষিক (২০২৪) কুচকাওয়াজে অনুষ্ঠানে দেওয়া ভাষণে ২০০৯ সালের বিডিআর বিদ্রোহের কথা স্মরণ এবং ঐ ঘটনায় নিহতদের পরিবারের প্রতি ব্যক্তিগত সহানুভূতি প্রকাশ করে তিনি এ কথা বলেন। শেখ হাসিনা সেই মর্মান্তিক ঘটনার সঙ্গে তাঁর গভীর আবেগঘন সম্পর্কের কথা উল্লেখ করে বিদ্রোহের ঘটনায় নিহতদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাদের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান। শেখ হাসিনা বিদ্রোহের জন্য দায়ীদের জবাবদিহিতার আওতায় আনার আশ্বাস পুনর্ব্যক্ত করে এ ধরনের ট্র্যাজেডির পুনরাবৃত্তি হবে না বলে আশা প্রকাশ করেন।

শেখ হাসিনা বিজিবি সদস্যদের মধ্যে শৃঙ্খলা বজায় রাখতে চেইন অব কমান্ড মেনে চলায় সর্বোচ্চ গুরুত্বারোপ করে বলেন, “মনে রাখতে হবে, চেইন অব কমান্ড একটি সুশৃঙ্খল বাহিনীর সবচেয়ে গুরুত্বপূর্ণ চালিকাশক্তি। কখনো শৃঙ্খলা ভঙ্গ করবেন না; চেইন অব কমান্ড অনুসরণ অব্যাহত রাখুন।” বর্ডার গার্ড বাংলাদেশ আইন-২০১০ প্রণয়নকে বিজিবির সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বিজিবিকে আরও শক্তিশালী করতে তার সরকারের উদ্যোগ তুলে ধরেন। তিনি বলেন, “বর্তমানে বিজিবিকে একটি দক্ষ, শক্তিশালী, আধুনিক ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তোলা হয়েছে। বিজিবি এখন স্থল, জল এবং আকাশপথে দায়িত্ব পালনে সক্ষম।” প্রধানমন্ত্রী বলেন, আওয়ামী লীগ সরকার বিজিবিকে বিশ্বমানের সীমান্তরক্ষী বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ‘বর্ডার গার্ড বাংলাদেশ ভিশন-২০৪১’ গ্রহণ করেছে। ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশে বিজিবিও স্মার্ট বাহিনী হবে উল্লেখ করে তিনি বলেন, “আমরা চাই বর্ডার গার্ড বাংলাদেশ একটি বিশ্বমানের সীমান্তরক্ষী বাহিনী হিসেবে গড়ে উঠুক এবং সীমান্তরক্ষী বাহিনী হিসেবে বাংলাদেশের জনগণের আস্থার প্রতীক হিসেবে এগিয়ে যাক।”

শেখ হাসিনা দেশের সীমান্ত সুরক্ষা ও বিভিন্ন সীমান্ত অপরাধ মোকাবিলা এবং দেশের যেকোনো সংকটে জনগণের পাশে দাঁড়ানোর ভূমিকার প্রশংসা করে বলেন, সীমান্ত রক্ষার পাশাপাশি বিজিবি দায়িত্বশীলতার সঙ্গে চোরাচালান, মাদক, নারী, শিশু পাচারসহ সীমান্তসংক্রান্ত বিভিন্ন অপরাধ প্রতিহত করেছে। তিনি বলেন, “সীমান্তে প্রহরীর ভূমিকা পালনের পাশাপাশি দেশে অগ্নিসন্ত্রাসের মতো যেকোনো সমস্যায় বিজিবি জনগণের পাশে দাঁড়িয়েছে ও জানমাল রক্ষায় সর্বদা ভূমিকা রাখছে এবং এভাবেই তারা জাতির আস্থা ও বিশ্বাস অর্জন করেছে।”

প্রধানমন্ত্রী তার নেতৃত্বে গৃহীত অগ্রগতির কথা তুলে ধরে বর্ডার গার্ড বাংলাদেশকে (বিজিবি) আধুনিকায়নে বিগত ১৫ বছরে ৩৫ হাজার ৫১৭ জন সৈনিক নিয়োগের কথা উল্লেখ করেন। অন্তর্ভুক্তির একটি উল্লেখযোগ্য মাইলফলক, তার সরকার ২০১৫ সাল থেকে ৯৩৬ জন নারী সেনা যোগ দিয়ে বাহিনীতে নারীদের একীভূতকরণের উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, উদীয়মান হুমকির প্রতিক্রিয়ায় তার প্রশাসন সীমান্তের ঝুঁকিপূর্ণ অংশগুলোতে ‘স্মার্ট ডিজিটাল নজরদারি এবং কৌশলগত সীমান্ত প্রতিক্রিয়া ব্যবস্থা’ বাস্তবায়ন করেছে, নজরদারি ক্ষমতা বৃদ্ধি করেছে এবং আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের বিরুদ্ধে প্রতিরক্ষা জোরদার করেছে। সীমান্ত নিরাপত্তা ও আঞ্চলিক উন্নয়নে নিজের অঙ্গীকারের ওপর জোর দিয়ে শেখ হাসিনা ১ হাজার ৩৬ কিলোমিটার সীমান্ত সড়ক নির্মাণের কথা তুলে ধরেন। এই অবকাঠামো প্রকল্পের লক্ষ্য কেবল পার্বত্য সীমান্ত অঞ্চলকে সুরক্ষিত করা নয় বরং প্রত্যন্ত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নও করা। প্রধানমন্ত্রী পিলখানার বীর উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে আয়োজিত বর্ণাঢ্য কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং পরে মার্চ-পাস্টের অভিবাদন গ্রহণ করেন। প্রধানমন্ত্রী বীরত্বপূর্ণ ও অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ৭২ জন নির্বাচিত বিজিবি সদস্যকে বিজিবি পদক, রাষ্ট্রপতি বিজিবি পদক, বিজিবি পদক-সেবা ও রাষ্ট্রপতি বিজিবি পদক-সেবা প্রদান করেন। এছাড়া তিনি বিজিবি সদর দপ্তরে বঙ্গবন্ধুর ‘প্রেরণা’ শীর্ষক ভাস্কর্য উন্মোচন করেন।

২০০৯ সালের ২৪ ফেব্রুয়ারি তৎকালীন বাংলাদেশ রাইফেলসের (বিডিআর) সদর দপ্তরে তিন দিনব্যাপী রাইফেলস সপ্তাহের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরদিন ২৫ ফেব্রুয়ারি সকাল ৯টায় পিলখানার সদর দপ্তরে (বিডিআর) দরবার হলে শুরু হয়েছিল দরবার। এই সময় বিডিআর বিদ্রোহের ঘটনা ঘটে। এদিন অনুষ্ঠানের শুরুতে বিডিআর মহাপরিচালক (ডিজি) মেজর জেনারেল শাকিল আহমেদ বক্তব্য দিচ্ছিলেন। তাঁর বক্তব্যের একপর্যায়ে বিডিআরের কিছু বিদ্রোহী সদস্য অতর্কিত হামলা চালায় দরবার হলে। পরদিন রাতে বিদ্রোহী বিডিআর সদস্যরা আত্মসমর্পণ করলে প্রায় ৩৩ ঘণ্টার বিদ্রোহের অবসান ঘটে। এই ঘটনায় ৫৭ জন সেনাকর্মকর্তাসহ নিহত হন ৭৪ জন। ২৭ ফেব্রুয়ারি পিলখানার ভেতরে সন্ধান মেলে একাধিক গণকবরের। সেখানে পাওয়া যায় বিডিআরের

মহাপরিচালক শাকিল আহমেদ, তাঁর স্ত্রীসহ সেনা কর্মকর্তাদের মরদেহ। উদ্ধার করা হয় ছড়িয়ে ছিটিয়ে থাকা গ্রেনেডসহ বিপুল পরিমাণ অস্ত্র। ২৮ ফেব্রুয়ারি লালবাগ থানায় হত্যা ও বিস্ফোরক আইনে দুটি মামলা হয়। পরে মামলা দুটি নিউমার্কেট থানায় স্থানান্তরিত হয়। ঢাকা মহানগর তৃতীয় বিশেষ আদালতের বিচারক মো. আখতারুজ্জামান ২০১৩ সালের ৫ নভেম্বর মামলার রায় ঘোষণা করেন। রায়ে বিডিআরের সাবেক ডিএডি তৌহিদসহ ১৫২ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। এ ছাড়া, ১৬০ জনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং ২৫৬ জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়। অভিযোগ প্রমাণিত না হওয়ায় ২৭৭ জনকে খালাস দেওয়া হয়। (ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ তদন্তে ২টি কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. নাদির জুনায়েদের বিরুদ্ধে যৌন হয়রানির পৃথক দুটি অভিযোগের তদন্তে কমিটি গঠন করা হয়েছে। যৌন হয়রানির পৃথক দুটি অভিযোগের প্রাথমিক তদন্তের জন্য ১৪ দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে তিন সদস্যের ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি গঠন করা হয় এবং একই অধ্যাপকের বিরুদ্ধে একাডেমিক অসদাচরণের আরেকটি অভিযোগ তদন্তে আরও একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। রবিবার (৩ মার্চ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এসব কমিটি গঠন করা হয়। যৌন হয়রানি তদন্তে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন অধ্যাপক সীমা জামানকে প্রধান এবং সিন্ডিকেট সদস্য অধ্যাপক মাসুদুর রহমান ও বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর সঞ্চিতা গুহকে সদস্য করা হয়েছে। একাডেমিক অসদাচরণের অভিযোগ অনুসন্ধানে গঠিত অন্য কমিটিতে রয়েছেন উপ-উপাচার্য (শিক্ষা) ড. সীতেশ চন্দ্র বাছাড়, সিন্ডিকেট সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল মনসুর আহমেদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বাহালুল হক চৌধুরী। উল্লেখ্য, এ বছরের ১০ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক ছাত্রী প্রক্টর অধ্যাপক ড. মাকসুদুর রহমানের কাছে একই বিভাগের অধ্যাপক নাদির জুনায়েদের বিরুদ্ধে যৌন হয়রানির লিখিত অভিযোগ করেন। পরদিন নাদিরের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ ধামাচাপা দেওয়ার অভিযোগ করেন বিভাগের আরেক শিক্ষার্থী। পরে ২৮ ফেব্রুয়ারি নাদির জুনায়েদের বিরুদ্ধে আবারও যৌন হয়রানির অভিযোগ করেন সাবেক এক শিক্ষার্থী। এর আগে ৭ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের স্নাতকোত্তরের শিক্ষার্থীরা অভিযোগ করেন, ব্যক্তিগত প্রতিহিংসা ও একাডেমিক অসদাচরণের বশবর্তী হয়ে অধ্যাপক নাদির ইচ্ছাকৃতভাবে তাদের একটি কোর্সে অস্বাভাবিক কম নম্বর দিয়েছেন। অভিযোগ দায়েরের পরপরই শিক্ষার্থীরা অভিযুক্ত অধ্যাপককে সাময়িক বরখাস্ত ও বিচারের দাবিতে সব ধরনের একাডেমিক কার্যক্রম বর্জন করে প্রতিবাদে ফেটে পড়েন। শিক্ষার্থীদের আন্দোলনের মধ্যে ১২ ফেব্রুয়ারি নাদিরকে বাধ্যতামূলক ছুটিতে পাঠায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।(ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## স্বয়ংক্রিয় মূল্য নির্দেশিকা প্রয়োগে জ্বালানির দাম কমতে পারে : জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ

সরকার ঘোষিত নির্দেশিকা (গাইডলাইন) প্রয়োগ করায় পেট্রোলিয়াম জ্বালানির দাম কমতে পারে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। রবিবার (৩ মার্চ) বিকেলে সচিবালয়ের নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। নসরুল হামিদ সাংবাদিকদের বলেন, "আমরা প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য অপেক্ষা করছি ... যদি মার্চের প্রথম সপ্তাহের মধ্যে নির্দেশিকাটি প্রয়োগ করতে পারি, আমরা আশা করি দাম কমতে দেখব।" নসরুল হামিদ জানান, সরকারের প্রধান অগ্রাধিকার হচ্ছে ডিজেলের দাম সমন্বয় করা। কারণ এই পেট্রোলিয়াম পণ্য থেকে সবচেয়ে বেশি খরচ হয়। তিনি বলেন, "এখন থেকে প্রতি মাসেই জ্বালানি তেলের দাম সমন্বয় করা হবে। বিশ্ববাজারে দাম কমলে দেশীয় ভোক্তারা লাভবান হবেন।" তিনি আরও বলেন, "আন্তর্জাতিক মূল্যের সঙ্গে সামঞ্জস্য রেখে স্থানীয় মূল্য বাড়বে বা কমবে এবং প্রতি মাসে সরকার এক মাস মেয়াদে এই দাম ঘোষণা করবে।" উল্লেখ্য, ১ মার্চ (শুক্রবার) সারা দেশে পেট্রোলিয়াম জ্বালানির স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণের জন্য একটি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে 'জ্বালানির মূল্য নির্দেশিকা' জারি করেছে সরকার। মার্চ মাস থেকে এই ব্যবস্থা কার্যকর হবে বলে জানানো হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, পেট্রোল, ডিজেল, অকটেন, কেরোসিন, ফার্নেস অয়েল, জেট ফুয়েল, সামুদ্রিক জ্বালানিসহ সব পেট্রোলিয়াম জ্বালানির দাম আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সমন্বয় করে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারণ করা হবে।

এদিকে, নির্দেশিকা জারির পরপরই জ্বালানি সচিব মো. নুরুল আলম বলেছিলেন, এখনই (১ মার্চ থেকে) তা কার্যকর হবে না। "যেহেতু আমরা এখনো নির্দেশিকা কার্যকর করার জন্য প্রধানমন্ত্রীর অনুমোদন পাইনি, তাই আমাদের আরও কিছু দিন অপেক্ষা করতে হবে।" তিনি ইউএনবিকে বলেছেন, "আশা করি আমরা শিগগিরই প্রধানমন্ত্রীর অনুমোদন পাব এবং ১০-১২ দিনের মধ্যে এটি কার্যকর হবে।" জ্বালানির মূল্য নির্ধারণের নির্দেশিকা ১ এপ্রিল থেকে কার্যকর করতে চাইলে ২১ ফেব্রুয়ারি থেকে ২০ মার্চ পর্যন্ত আন্তর্জাতিক বাজারে এক মাসের জ্বালানির দাম বিবেচনায় নিতে হবে। একটি গড় মূল্য নির্ধারণ করে এপ্রিল মাসের জন্য মূল্য নির্ধারণ করতে হবে। নির্দেশিকায় এ ধরনের নির্দেশনা সম্পর্কে জ্বালানিসচিব বলেন, বাংলাদেশে এ ধরনের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ একটি নতুন বিষয়। তাই এ নিয়ে মন্ত্রণালয় কিছুটা বিভ্রান্তিতে রয়েছে। তিনি বলেন, আমরা বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) সঙ্গে বসব। যাতে সব

বিভ্রান্তি দূর এবং নির্দেশিকাটি সবার কাছে পরিষ্কার করা যায়। বিপিসি সারা দেশে পেট্রোলিয়াম পণ্য আমদানি ও বিপণনের জন্য রাষ্ট্রীয় সংস্থা। যেকোনো পেট্রোলিয়াম জ্বালানির মূল্য নির্ধারণের ক্ষেত্রে, আন্তর্জাতিক বাজার মূল্য, আমদানি কর, অগ্রিম আয়কর এবং মূল্য সংযোজন কর (ভ্যাট), পরিচালন ব্যয়, অর্থ, প্রশাসনিক এবং রক্ষণাবেক্ষণ খরচ, বিপিসির মার্জিনসহ সমস্ত খরচ, ভ্যাট ও বিক্রয় এবং বিতরণ খরচ বিবেচনায় নেওয়া হবে এবং তারপর একটি মূল্য নির্ধারণ করা হবে। জ্বালানি বিভাগের একটি সূত্র জানায়, স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণের সূত্র কার্যকর হলে অকটেনের দাম ডিজেলের দামের নিচে চলে যাবে। এটি সরকারের জন্যও একটি বড় উদ্বেগের বিষয় উল্লেখ করে তিনি বলেন, সরকার ডিজেলের চেয়ে অকটেনের দাম বেশি রাখতে চায়।(ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## বেইলি রোডে অগ্নিকাণ্ডের ঘটনায় উচ্চ পর্যায়ের কমিটি গঠনের আদেশ হাইকোর্টের

ঢাকার বেইলি রোডে একটি ভবনে ভয়াবহ আগুন লেগে ৪৬ জনের মৃত্যুর ঘটনার কারণ অনুসন্ধানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা বিভাগের সচিবের নেতৃত্বে উচ্চ পর্যায়ের কমিটি গঠন করার আদেশ দিয়েছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। কমিটিতে পুলিশ, রাজউক, ফায়ার সার্ভিস, বুয়েটের বিশেষজ্ঞ, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনের প্রতিনিধি রাখতে বলা হয়েছে। এই কমিটি চার মাসের মধ্যে বেইলি রোডের ভবনে ভয়াবহ আগুন লাগার ঘটনার কারণ অনুসন্ধান, কারা দায়ী তা খুঁজে বের করবে। এ ছাড়া রাজধানী ঢাকার ভবনগুলোতে অগ্নিকাণ্ডের ঘটনা প্রতিরোধে অগ্নি নির্বাপণ ব্যবস্থা কেমন হবে তার সুপারিশ করে আদালতে প্রতিবেদন দাখিল করবেন।

সোমবার (৪ মার্চ) পৃথক দুটি রিট আবেদনের শুনানি শেষে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। পাশাপাশি অগ্নি ঝুঁকিপূর্ণ ভবনে সতর্কীকরণ নোটিশ সাইনবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টাঙাতে ফায়ার সার্ভিসকে নির্দেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে আইন অনুযায়ী স্কুল, কলেজ, শপিংমলসহ রাজধানীর ভবনগুলোতে অগ্নি নির্বাপণ ব্যবস্থা না রাখা কেন অবৈধ হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট ইউনূছ আলী আকন্দ ও অ্যাডভোকেট ইসরাত জাহান সান্তনা। বেইলি রোডের গ্রিন কোজি কটেজে আগুন লেগে ৪৬ জনের মৃত্যুর ঘটনায় বিশেষজ্ঞদের সমন্বয়ে বিচার বিভাগীয় তদন্ত চেয়ে গতকাল রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইসরাত জাহান সান্তনা। রিটে প্রকৃত দোষীদের খুঁজে বের করার নির্দেশনা চাওয়া হয়। একইসঙ্গে রিটে সরকারের গঠিত তদন্ত কমিটির রিপোর্ট আদালতে দাখিল করার নির্দেশনা চাওয়া হয়েছে। সুপ্রিম কোর্টের আরেক আইনজীবী অ্যাডভোকেট ইউনুছ আলী আকন্দ রাজধানীর বেইলি রোডসহ সকল আবাসিক স্থাপনায় রেস্টুরেন্ট বন্ধের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করেন। রিটে বেইলি রোডে অগ্নিকাণ্ডে প্রকৃত দায়ীদের গ্রেফতার ও আহত, নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশনা চাওয়া হয়। এ ছাড়া, বেইলি রোডে অগ্নিকাণ্ডের ঘটনা তদন্তের নির্দেশনা চাওয়া হয়েছে আবেদনে।

গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব, মন্ত্রিপরিষদ সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, পুলিশের আইজি, রাজউকের চেয়ারম্যান, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনের মেয়রসহ সংশ্লিষ্টদের রিটে বিবাদী করা হয়। এ দুটি রিটের ওপর প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট রুল জারির পাশাপাশি আদেশ দেন। উল্লেখ্য, বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাতে রাজধানীর বেইলি রোডে অবস্থিত 'গ্রিন কোজি কটেজ' ভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ভবনের 'কাচ্চি ভাই' নামে রেস্তোরাঁয় রাত ৯টা ৫০ মিনিটের দিকে আগুনের সূত্রপাত হয় এবং তা দ্রুত ভবনে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে, ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের ঢাকার বিভিন্ন স্টেশন থেকে আটটি ইউনিট সেখানে পৌঁছায় এবং আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। পরে আরও চারটি অগ্নিনির্বাপক ইউনিটকে যুক্ত করা হয়। পুলিশ ও আধা-সামরিক বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্যরা আগুন নিয়ন্ত্রণে আনতে সহায়তা করেন। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স, পুলিশ ও বিজিবি সদস্যরা একযোগে কাজ করে রাত ১২টার একটু আগে আগুন নিয়ন্ত্রণে আনে। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মঈনুদ্দিন পরে বলেছিলেন, ঐ ভবনে একটাই দোকান ছিল এবং বাকি সব কটা ছিল রেস্টুরেন্ট। ভবনের চারদিকে গ্যাসের সিলিন্ডার ছড়ানো ছিটানো ছিল। ঐগুলোর একটি কিংবা গ্যাসের চুলায় বিস্ফোরণের কারণে আগুন ধরতে পারে। এই ঘটনায় এখন পর্যন্ত ৪৬ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৪৪ জনের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। দুজনের মরদেহ ঢাকা মেডিকেলে রয়েছে। রবিবার তাদের ডিএনএ নমুনা নেওয়া হয়েছে। অন্যদিকে, শেখ হাসিনা জাতীয় বার্ন ইনস্টিটিউটে চিকিৎসাধীন ১৪ জনের মধ্যে বাসায় ফিরেছেন ১১ জন। এখনো ভর্তি আছেন তিনজন। আর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন আরও দুজন।(ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## অর্থনৈতিক সব সূচক বাড়ছে, অনিশ্চয়তা ও হতাশার কিছু নেই : অর্থমন্ত্রী

অর্থনৈতিক সবগুলো সূচক বাড়ছে, কাজেই এখানে অনিশ্চয়তা ও হতাশার কিছু নেই বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সোমবার (৪ মার্চ) রাজধানী ঢাকার ওসমানী মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনে অর্থ মন্ত্রণালয়ের সেশন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। ডিসিদের জন্য কোনো পরামর্শ ছিল কি না, জানতে চাইলে তিনি বলেন, আমি একটি বিষয় তাদের বলেছি। এ পর্যন্ত স্বাধীন বাংলাদেশের ইতিহাসে আমরা আজ সর্বোচ্ছ স্থানে এসে দাঁড়িয়েছি শেখ হাসিনার নেতৃত্বে। আবুল হাসান মাহমুদ আলী আরও বলেন, "আমাদের যে সূচকগুলো আছে উন্নয়নের, সেগুলো বাড়ছে। ফেব্রুয়ারি মাসের রেমিট্যান্স ২১৬ মিলিয়ন ডলার। আমাদের সবগুলো

সূচকই বাড়ছে। কাজেই আমদের এখানে অনিশ্চয়তার কিছু নেই, হতাশারও কিছু নেই। এগুলো নিয়ে মিথ্যা প্রোপাগান্ডা ছড়ানো হচ্ছে। এটা চলছেই।" আবুল হাসান মাহমুদ আলী বলেন, যেমন বিএনপির (বাংলাদেশ জাতীয়তাবাদী দল) যিনি মহাসচিব, তিনি তার জায়গা থেকে বলেছেন যে, তিনি কোনো উন্নয়ন দেখতে পাচ্ছেন না। ওরা তো এসব কথাই বলে। তিনি বলেন, বিএনপির যিনি প্রধানমন্ত্রী ছিলেন বেগম (খালেদা) জিয়া, তিনি বলেছেন এ ব্রিজ (পদ্মা সেতু) ভেঙে পড়বে। এসব কথাবার্তা সিরিয়াস কোনো কিউরিসিজম না। "এটা কীভাবে বলেন, উনি (খালেদা জিয়া) সিরিয়াসলি বলেছেন, এ ব্রিজ আওয়ামী লীগ বানিয়েছে, এটা ভেঙে পড়তে পারে। কাজেই আপনারা উঠবেন না পদ্মা সেতুতে।" এগুলো থেকে সত্যিকার যেটা আসল চিত্র, সেটি তুলে ধরার জন্য ডিসিদের আহ্বান করা হয়েছে। তাহলেই মানুষ বুঝতে পারবে কোথায় এসে দাঁড়িয়েছে। আবুল হাসান মাহমুদ আলী বলেন, বাংলাদেশ উন্নয়নের ধারায় এসে দাঁড়িয়েছে। এ পর্যন্ত স্বাধীন বাংলাদেশের ইতিহাসে বাংলাদেশ সর্বোচ্চ স্থানে এসে দাঁড়িয়েছে। আজ শেখ হাসিনার যে ডেলটা প্ল্যান ২১০০, সেটি ধরে বাংলাদেশ এগোচ্ছে। তিনি আরও বলেন, "বাংলাদেশের অব্যাহত উন্নতি মানুষের মধ্যে যে আশার সঞ্চার হয়েছে সেটি আপনি রাস্তায় ঘুরলেই দেখতে পাবেন। মেট্রোরেলে চড়লেই বুঝতে পারবেন মানুষ কতটা খুশি হয়েছে, আশ্বস্ত হয়েছে। নারীরা কীভাবে একা চলতে পারেন মেট্রোতে, তারা সন্তুষ্ট।" মানুষের মূল নজর মূল্যস্ফীতিতে, সেই ব্যাপারে ডিসিদের কোনো নির্দেশনা দিয়েছেন কি না জানতে চাইলে তিনি বলেন, "খালি ইনফ্লেশনটাই কনসার্ন হয়ে গেল! আর কিছু না? এক কোটি লোককে কার্ড দেওয়া হয়েছে, তারা সস্তা দামে পাচ্ছে।" আয়কর আদায়ে ডিসিদের কোনো নির্দেশনা দিয়েছেন কি না এমন প্রশ্নের জবাবে আবুল হাসান মাহমুদ আলী বলেন, "হ্যাঁ দিয়েছি। তারা সহায়তা করবেন। তারা যেটা করছেন সেটা করবেন তারা। আরও ভালো করে করবেন, মন দিয়ে করবেন।"
উল্লেখ্য, ২০২৩ সালের ১৩ অক্টোবর শুক্রবার গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মন্তব্য করেছিলেন বাংলাদেশের অর্থনীতিতে শনির আছর পড়েছে। তিনি বলেন, "বাংলাদেশের অর্থনৈতিক সেক্টরে শনির আছর পড়েছে। বর্তমান আওয়ামী লুটেরা সরকার ২০০৯ সালে রাষ্ট্রক্ষমতা দখল করার শুরুর দিকেই। যার পরিণতিতে আজ সমগ্র অর্থনীতি ভয়াবহ নৈরাজ্যকর অবস্থায় পতিত হয়েছে। আওয়ামী সরকারের দেড় দশকে ব্যাংকিং খাতে চরম অব্যবস্থাপনা ও লাগামহীন দুর্নীতি করে অর্থ পাচারের মাধ্যমে বিদেশে সম্পদের পাহাড় গড়েছে। বর্তমানে দেশের অর্থনীতির প্রতিটি প্রধান সূচকের অবস্থান এতোটাই শোচনীয়, যা দেশের সামষ্টিক অর্থনীতিকে এক মহাবিপর্যয়ের দিকে ঠেলে দিয়েছে।" মির্জা ফখরুল বলেন, বিশ্বব্যাপী অর্থনৈতিক সংকট আগের তুলনায় অনেকটা কমেছে। বিশ্ব অর্থনীতি গতি হারালেও থমকে যায়নি। অনেক দেশ মূল্যস্ফীতি কমাতে সফল হচ্ছে। অথচ আমাদের অর্থনীতি মুখ থুবড়ে পড়েছে তো পড়ছেই। যেভাবে জোড়াতালি দিয়ে অস্বচ্ছ ও সমন্বয়হীনভাবে সমস্যাগুলোর সামাল দেওয়ার চেষ্টা করা হয়েছে, তাতে অর্থনীতিতে অনিশ্চয়তা আরও বেড়েছে।" তিনি বলেন, দেশের সাধারণ মানুষ নিত্যপ্রয়োজনীয় খরচ মেটাতে পারে না, হতদরিদ্র মানুষ পেট ভরে দুবেলা খেতে পারে না। অন্যদিকে, আওয়ামী স্বৈরশাসকেরা উন্নয়নের গালগল্প করে দেশটিকে ঋণের জালে জর্জরিত করে দেউলিয়ার পথে ঠেলে দিয়েছে। উন্নয়নের নামে আওয়ামী লীগ সরকারের সর্বগ্রাসী দুর্নীতি আর ঋণ করে ঘি খাওয়ার পরিণতিতে দেশ এখন প্রায় ২০ লাখ কোটি টাকা ঋণের চাকায় পিষ্ট। কিন্তু সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব, ভ্রান্তনীতি গ্রহণ, নীতির সমন্বয়হীনতা, স্বচ্ছতা ও জবাবদিহির অভাব, সর্বোপরি লাগামহীন দুর্নীতির কারণে বাংলাদেশ সংকট থেকে বের হতে পারছে না। দুর্নীতির স্বর্গরাজ্যে নিমজ্জিত দেশের ব্যাংকিং সেক্টর উল্লেখ করে তিনি আরও বলেন, ব্যাংকিং খাতে নজিরবিহীন দুর্নীতি ও অনিয়মের কারণেই আমাদের অর্থনীতি মেরুদণ্ড সোজা করে দাঁড়াতে পারছে না। মূলত সরকারের পলিসিগত বা রাজনৈতিক দুর্বলতা এবং ব্যক্তিস্বার্থ বা সর্বগ্রাসী লুটপাট আমাদের অর্থনীতির জীবনী শক্তিকে ক্রমেই ধ্বংস করে দিচ্ছে। (ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

**রমজান উপলক্ষ্যে ৫০ লাখ পরিবারকে দেড় লাখ টন চাল দেওয়া হবে : সাধন চন্দ্র মজুমদার**

খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় রমজান উপলক্ষ্যে ১০ মার্চের মধ্যে ৫০ লাখ পরিবারকে দেড় লাখ টন চাল বিতরণ করা হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। সোমবার (৪ মার্চ) রাজধানী ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন বক্তব্য শেষে সাংবাদিকদের তিনি এই তথ্য জানান। সাধন চন্দ্র মজুমদার বলেন, "খাদ্যবান্ধব কর্মসূচি ১ মার্চ থেকেই চালু করতে (ডিলারদের চাল ওঠাতে) করতে বলেছি। আমাদের ১ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত একটি সিদ্ধান্ত ছিল। সেটা থেকে কমিয়ে আমরা খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ৫০ লাখ পরিবারের জন্য যে ডিলার আছে তারা ১০ মার্চের মধ্যে দেড় লাখ টন বিতরণ শেষ করবে।" এতে বাজারে স্বস্তি ফিরবে কি না, এমন প্রশ্নে তিনি বলেন, "দেড় লাখ টন চাল যদি বাজারে ১৫ টাকা দরে যায়, তাহলে ৫০ লাখ পরিবারকে তো আর বাজার থেকে চাল কিনতে হবে না। এতে স্বস্তি আসবে বলে মনে করি।" চালের দাম ও জাত বস্তায় লেখা থাকার বিষয়টি কার্যকর হয়েছে কি না জানতে চাইলে সাধন চন্দ্র মজুমদার বলেন, "আমরা ২০ মার্চের মধ্যে পরিপত্র জারি করব আর তা কার্যকর করব ১৪ এপ্রিল বা পয়লা বৈশাখ থেকে। তখন বাজারে বোরোর নতুন চাল আসবে। যেসব চাল এখন বাজারে বস্তায় সিল মারা আছে সেগুলো এখন আর কেউ প্যাকেট পাল্টাবে না। কাজেই নতুন বছরে বোরো চাল উঠবে তখন থেকে এটা কার্যকর হবে।" ডিসিদের কাছে হালনাগাদ তথ্য আছে কি না জানতে চাইলে তিনি বলেন, ডিসি ও মিল মালিকদের মধ্যে মিটিং শুরু হয়েছে। ধান ও চালের জাতের যে নমুনা, সেটা তাদেরও সরবরাহ করা হচ্ছে। তিনি

বলেন, ধান গবেষণা ইনস্টিটিউট সে জাতগুলো দিয়েছে, আউশ, আমন ও বোরোতে কোন কোন জাত, কোনটা মোটা, মাঝারি ও সরু সেই জাত দিয়েছে, সেটা নিয়ে তাদের সঙ্গে কাজ করছি। এছাড়া, মজুতবিরোধী অভিযান অনেকাংশেই সফল হয়েছে। তিনি আরও বলেন, "ডিসিদের কাছে আবেদন জানিয়েছি, নির্দেশনা দিয়েছি যাতে বস্তার গায়ে জাতের নাম লেখা নিয়ে যে পরিবর্তন এসেছে, সেটা বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করে।"

(ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## রমজানে পণ্যের দাম উর্ধ্বমুখী হওয়ার সুযোগ নেই : আহসানুল ইসলাম

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, "রমজান উপলক্ষ্যে বাংলাদেশে কোনো পণ্যের দাম উর্ধ্বমুখী হওয়ার সুযোগ নেই। কারণ যথেষ্ট সরবরাহ আছে। তারপরও রমজানে পরিবহন ব্যবস্থা যাতে শৃঙ্খলার মধ্যে থাকে ও সরবরাহে কোথাও প্রতিবন্ধকতা না হয় সেই বিষয়ে জেলা প্রশাসকদের পরামর্শ ও নির্দেশনা দিয়েছি।" সোমবার (৪ মার্চ) সকালে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের দ্বিতীয় দিনের চতুর্থ অধিবেশনে বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের অধিবেশন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা জানান। আহসানুল ইসলাম বলেন, "আমাদের প্রত্যেকটি বড় তেল উৎপাদনকারী ফ্যাক্টরিগুলো ভোক্তা অধিদপ্তর থেকে পরিদর্শন করা হয়েছে। তারা তেলের মূল্য ঠিকভাবে লেখা হচ্ছে কি না সেটি দেখেছে।" তিনি বলেন, "ডিসিদের আমরা বলেছি, বাজার মনিটরিং করতে। পরিবহন ব্যবস্থা শৃঙ্খলিত ও সরবরাহ ঠিক রাখতে পরামর্শ ও নির্দেশনা দিয়েছি।" তিনি বলেন, "রমজান উপলক্ষ্যে আমরা এক কোটি পরিবারকে খাদ্য সহায়তা দিচ্ছি। সেখানে চাল, তেল, চিনি, ডাল, খেজুর ও ছোলা থাকবে।" আহসানুল ইসলাম বলেন, এই পণ্যগুলোর বিতরণ যেন সুষ্ঠু ও সুন্দর হয়, সেজন্য নির্দেশনা দেওয়া হয়েছে। এই তালিকাটা আপডেট করার জন্য তাদের (ডিসি) নির্দেশ দিয়েছি। তারা যেন আগামী দুই মাসের মধ্যে সংযোজন ও পরিবর্তন করে পরিপূর্ণ একটি তালিকা দেয়। তিনি আরও বলেন, স্থায়ী দোকানে কীভাবে ডিলার নিয়োগ করতে পারি, সে ব্যাপারেও আগামী দুই মাসের মধ্যে জনপ্রতিনিধিদের পরামর্শ অনুযায়ী জনপ্রশাসন এই তালিকা আমাদের পাঠাবে। আগামী অর্থবছরে আমরা আশা করি স্থায়ী দোকানের মাধ্যমে টিসিবির পণ্যগুলো দিতে পারব। তিনি বলেন, জেলা প্রশাসক ও উপজেলা প্রশাসনের মাধ্যমে 'একটি গ্রাম, একটি পণ্য' ব্যানারে প্রতিটি গ্রাম থেকে একটি হস্তশিল্প পণ্যকে তুলে নিয়ে আসতে চাই। আগামী রপ্তানি মেলায় স্থানীয়ভাবে উৎপাদিত সেসব পণ্য ও কারিগরদের আমরা সহযোগিতা করব। তাদের কারিগরি, আর্থিক সহযোগিতার পাশাপাশি পণ্যটি বিপণনের ব্যবস্থা বাণিজ্য মন্ত্রণালয় মেইল ও ই-কমার্সের মাধ্যমে করে দেবে। আহসানুল ইসলাম বলেন, ডাব্লিউটিওর ৫০ মিলিয়নের একটি ফান্ড করা হয়েছে ই-কমার্স ও নারী উদ্যোক্তাদের নিয়ে। সেখানে আমরা সহযোগিতা চাইব। অনেকগুলো বন্ধুরাষ্ট্র আমাদের এই বিষয়ে সহযোগিতা দেওয়ার জন্য উদ্যোগী হয়েছে। আশা করি যখন যেটা পাব, সেই অনুযায়ী আমরা পণ্যটি দেশ ও বিদেশে রপ্তানির মাধ্যমে দৃশ্যমান করব। ভারত থেকে চিনি ও পেঁয়াজ কবে আসবে জানতে চাইলে তিনি বলেন, "চিঠি আমরা পেয়ে গেছি। আমাদের দূতাবাস কাজ করছে। তারা (ভারত) আমাদের কবে নাগাদ ও কীভাবে পণ্য পাঠাবে তা আজকে আমরা জানতে পারব।" রোজার আগে এসব পণ্য আসবে কি না- জানতে চাইলে তিনি বলেন, "অবশ্যই রোজার আগে আসবে।" পেঁয়াজের দাম নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা মাঠপর্যায়ে তদারকি করছি, এবার হাটগুলোতে ৮০-১০০ টাকার মধ্যে পেঁয়াজ বিক্রি হচ্ছে। যা গত বছর অর্ধেক ছিল। এটা ঠিক। কিন্তু কৃষকেরা যদি একটু ভালো দাম পায়, আগামী বছর এই সময় উৎপাদন দ্বিগুণ হবে। তিনি আরও বলেন, এটা আপনারা লিখে রাখতে পারেন। কারণ কৃষকেরা তাহলে উৎসাহিত হবে। অন্য পণ্যের দাম বাড়ায় পেঁয়াজের দামটা একটু বেশি।

(ভোয়া ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## ধানমন্ডিতে দুটি বহুতল বাণিজ্যিক ভবন 'ঝুঁকিপূর্ণ' ঘোষণা

বাংলাদেশের রাজধানী ঢাকার ধানমন্ডি এলাকার দুটি বহুতল বাণিজ্যিক ভবনকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করেছে ভ্রাম্যমাণ আদালত। এ ছাড়া, ফায়ার লাইসেন্স না নেওয়ায় এবং ফায়ার লাইসেন্সের শর্ত ভঙ্গ করায় চারটি প্রতিষ্ঠানকে মোট ৬ লাখ টাকা জরিমানা করা হয়েছে। ভবন দুটির একটি জিগাতলায় সাতমসজিদ সড়কের পাশে কেয়ারি ক্রিসেন্ট প্লাজা এবং অপরটি সাতমসজিদ রোডের রূপায়ন জেড আর প্লাজা। সোমবার (৪ মার্চ) বিকেলে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. জাহাঙ্গীর আলমের নেতৃত্বে এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে কেয়ারি ক্রিসেন্ট প্লাজার অধিকাংশ রেস্টুরেন্ট বন্ধ ছিল। কিন্তু ঐ ভবনে থাকা 'ভিসা ওয়ার্ল্ড ওয়াইড' নামে একটি প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপণ ব্যবস্থার ব্যাপক দুর্বলতা পাওয়ায় ৩ লাখ টাকা জরিমানা করা হয়। রূপায়ন জেড আর প্লাজার ভেতরে বুফে লাউঞ্জ ও বুফে প্যারাডাইস রেস্টুরেন্টকে লাইসেন্সের শর্ত না মানায় এবং অগ্নিনির্বাপণের লাইসেন্স না পাওয়ায় একই ভবনের ভেতরে থাকা বুফে এম্পায়ার রেস্টুরেন্টকে ১ লাখ টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত। এ ছাড়া, অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ অনুযায়ী যথাযথ অগ্নিনির্বাপণ ব্যবস্থা না থাকায় ভবন দুটিকে 'ঝুঁকিপূর্ণ' ঘোষণা করে ভ্রাম্যমাণ আদালত। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের পক্ষ থেকে ভবন দুটিতে 'ঝুঁকিপূর্ণ' ব্যানার লাগানো হয়। ভবন দুটির অধিকাংশ রেস্টুরেন্ট, শোরুম ও অফিস খালি পড়ে আছে। বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাতে ঢাকার বেইলি রোডে গ্রিন কোজি কটেজ নামের একটি সাততলা ভবনে আগুনের ঘটনায় ৪৬ জনের মৃত্যু হয়। ঐ ভবনের প্রত্যেক তলায় রেস্তোরাঁ ছিল। এ ঘটনার পর ঢাকার বিভিন্ন বাণিজ্যিক ভবনে ইচ্ছেমতো

রেস্তোরাঁ তৈরি নিয়ে উদ্বেগ জানান বিশেষজ্ঞরা। বাণিজ্যক ভবনে অভিযান চালিয়ে অগ্নিনিরাপত্তার বিষয়টি খতিয়ে দেখারও দাবি জানানো হয়। এরই ধারাবাহিকতায় ধানমন্ডিসহ বিভিন্ন এলাকায় সোমবার একযোগে অভিযান চালায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএনসিসি)। এর আগে রবিবার ঢাকার গুলশান, মিরপুর ও উত্তরায় প্রায় ৫০টির মতো রেস্তোরাঁয় অভিযান চালিয়েছে পুলিশ উল্লেখ্য, বৃহস্পতিবার রাতে রাজধানীর বেইলি রোডে অবস্থিত 'গ্রিন কোজি কটেজ' ভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ভবনের 'কাচ্চি ভাই' নামে রেস্তোরাঁয় রাত ৯টা ৫০ মিনিটের দিকে আগুনের সূত্রপাত হয় এবং তা দ্রুত ভবনে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে, ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের ঢাকার বিভিন্ন স্টেশন থেকে আটটি ইউনিট সেখানে পৌঁছায় এবং আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। পরে আরও চারটি অগ্নিনির্বাপক ইউনিটকে যুক্ত করা হয়। পুলিশ ও আধা-সামরিক বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্যরা আগুন নিয়ন্ত্রণে আনতে সহায়তা করেন। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স, পুলিশ ও বিজিবি সদস্যরা একযোগে কাজ করে রাত ১২টার একটু আগে আগুন নিয়ন্ত্রণে আনে। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মঈনুদ্দিন পরে বলেছিলেন, ওই ভবনে একটাই দোকান ছিল এবং বাকি সব কটা ছিল রেস্টুরেন্ট। ভবনের চারদিকে গ্যাসের সিলিন্ডার ছড়ানো ছিটানো ছিল। ঐগুলোর একটি কিংবা গ্যাসের চুলায় বিস্ফোরণের কারণে আগুন ধরতে পারে। এই ঘটনায় এখন পর্যন্ত ৪৬ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৪৪ জনের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। দুজনের মরদেহ ঢাকা মেডিকেলে রয়েছে। রবিবার তাদের ডিএনএ নমুনা নেওয়া হয়েছে। অন্যদিকে, শেখ হাসিনা জাতীয় বার্ন ইনস্টিটিউটে চিকিৎসাধীন ১৪ জনের মধ্যে বাসায় ফিরেছেন ১১ জন। এখনো ভর্তি আছেন তিনজন। আর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন আরও দুজন। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০৩.২০২৪ এলিনা)

## মিয়ানমারে সংঘাত রোহিঙ্গা প্রত্যাবাসন কঠিন করে তুলেছে : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মিয়ানমারে অভ্যন্তরীণ সংঘাতের কারণে দেশটির বাস্তুচ্যুত নাগরিকদের প্রত্যাবাসনের কাজ খুবই কঠিন হয়ে পড়েছে। তিনি বলেন, "রোহিঙ্গাদের প্রত্যাবাসন খুবই গুরুত্বপূর্ণ, কিন্তু মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতের কারণে এটি এখন খুব কঠিন হয়ে পড়েছে।" আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) বাংলাদেশের নিযুক্ত আইনজীবী অধ্যাপক পায়াম আখাভানকে তিনি এ কথা বলেন। সোমবার (৪ মার্চ) সংসদ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন আখাভান। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার এম নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। তিনি জানান, প্রধানমন্ত্রী আখাভানকে বলেছেন, রোহিঙ্গারা এখন বাংলাদেশের জন্য বিশাল বোঝা হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, "মিয়ানমারের নাগরিকদের অনুপ্রবেশের কারণে কক্সবাজারের স্থানীয় জনগণ এখন সংখ্যালঘুতে পরিণত হয়েছে। তারা আমাদের পরিবেশের ক্ষতি করছে। জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গারা যাতে মর্যাদার সঙ্গে নিজ দেশে ফিরে যায় তা অবশ্যই নিশ্চিত করতে হবে।" বাংলাদেশের ভূ-খণ্ড কোনো ধরনের বিদ্রোহের জন্য কাউকে ব্যবহার করতে দেওয়া হবে না বলে জানিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, "বাংলাদেশ এই নীতিতে বিশ্বাস করে এবং ভবিষ্যতে কাউকে তা করতে দেবে না।" শেখ হাসিনা বলেন, রোহিঙ্গা যুবকদের অপরাধমূলক কর্মকাণ্ড থেকে দূরে রাখার জন্য সরকার ভাসানচরে এক লাখ রোহিঙ্গার জন্য উন্নত আবাসনের ব্যবস্থা করেছে এবং এ পর্যন্ত ৩৫ হাজার রোহিঙ্গাকে সেখানে স্থানান্তর করেছে। তিনি উল্লেখ করেন, কিছু রোহিঙ্গা ইতোমধ্যে অস্ত্র, নারী ও মাদক পাচারের মতো অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছে, যা বাংলাদেশের জন্য একটি বড় উদ্বেগের বিষয়। এ সময় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এম তোফাজ্জল হোসেন মিয়া উপস্থিত ছিলেন। এ বছরের ২ ফেব্রুয়ারি রাত থেকে বাংলাদেশের বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সংঘর্ষ চলছে। জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। আরাকান আর্মি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। তারা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে। মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা'আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট, ২০২৩ সালের ২৭ অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েটে প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। উল্লেখ্য, ২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমারের সেনাবাহিনী উত্তর রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে হিংসাত্মক অভিযান শুরু করে। যা ছিল আন্তর্জাতিক আইনের অধীনে গুরুতর অপরাধ। তখন সেনাবাহিনী গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেয়। সেনাবাহিনীর নৃশংস অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০৩.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## রমজানে সাশ্রয়ী মূল্যে মাংস ও ডিম বিক্রি করবে সরকার

বাংলাদেশ আসন্ন রমজান মাসে সাশ্রয়ী মূল্যে রাজধানী ঢাকার ৩০টি স্থানে ট্রাকে করে কম দামে মাংস ও ডিম বিক্রির সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির পাঠানো প্রতিবেদন :

আসন্ন রমজান মাসে সাশ্রয়ী মূল্যে রাজধানী ঢাকার ৩০টি স্থানে ট্রাকে করে কম দামে মাংস ও ডিম বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার। সোমবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে, জেলা প্রশাসক সম্মেলনে সাংবাদিকদের একথা জানান মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী আব্দুর রহমান। তিনি বলেন, ১০ মার্চ থেকে ঈদের আগের দিন পর্যন্ত রাজধানীর ৩০টি জায়গায় তা পাওয়া যাবে। তবে পর্যায়ক্রমে সামর্থ্য অনুযায়ী আরও বেশি জায়গায় প্রসারিত করার চেষ্টা করা হবে। পাশাপাশি ঢাকার বাইরে ন্যায্যমূল্যে বিক্রি করার তাগিদ দেন মন্ত্রী। এছাড়া মানুষকে কষ্ট দিয়ে, অধিক মুনাফা লাভের চেষ্টা না করতে, ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রাণিসম্পদ মন্ত্রী আব্দুর রহমান, (স্বকণ্ঠে) : গোরুর মাংসের দাম নির্ধারণ করেছি ৬০০ টাকা, খাসির মাংস ৯০০ টাকা। একদম সলিড ব্রয়লার মুরগি এটা ২৮০ টাকা। এছাড়া ডিম ১০ টাকা ৫০ পয়সা। এটাই হলো আমাদের একটা অন্তবর্তীকালীন ব্যবস্থা এবং এটিই ইনশাআল্লাহ ১০ মার্চ উদ্বোধন করব।

প্রসঙ্গক্রমে দেশের অর্থনীতি নিয়ে বিভিন্ন মহলেই ইদানিং চলে নানা আলোচনা-সমালোচনা। বলা হয় অর্থনীতির সূচকের সংকট ও সমস্যায় বিপদ আসন্ন। এমন সব আলোচনায় কাউকে কান না দিতে আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেছেন, অর্থনীতির সব সূচক বাড়ছে, ফলে অনিশ্চয়তা বা হতাশার কোন কিছুই নেই। সোমবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়নে জেলা প্রশাসক সম্মেলনের দ্বিতীয় দিনের অধিবেশন শেষে একথা বলেন অর্থমন্ত্রী। মন্ত্রী আরো বলেন, বর্তমানে যেখানে উন্নয়নের সূচকগুলো বাড়ছে, সেখানে মূল্যস্ফীতি মূল উদ্বেগ হতে পারে না। এসময় দেশের অর্থনীতি নিয়ে মিথ্যা প্রোপাগান্ডা ছড়ানো হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেছেন, সরকারের উন্নয়নের সঠিক চিত্র দেশের মানুষের কাছে তুলে ধরতে জেলা প্রশাসকদের কাজ করতে হবে, (স্বকণ্ঠে) : স্বাধীন বাংলাদেশের ইতিহাসে আমরা আজকে সর্বোচ্চ স্থানে এসে দাঁড়িয়েছি। সবগুলো সূচকই তো বাড়ছে সেজন্য এখানে অনিশ্চয়তারও কিছু নাই, হতাশারও কিছু নাই। এগুলো একটা মিথ্যা প্রোপাগান্ডা ছড়ানো হচ্ছে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৪.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বিজিবিকে আরও স্মার্ট বাহিনী হিসেবে গড়ে তুলতে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেছেন, সীমান্ত সুরক্ষা ও জনগণের জানমালের নিরাপত্তায়, বিজিবিকে আরও স্মার্ট ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তুলতে কাজ করছে সরকার। বিজিবি দিবসে আজ শৃঙ্খলা অব্যাহত রাখতে, চেইন অব কমান্ড মেনে চলার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী। বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

সীমান্ত সুরক্ষা ও জনগণের জানমালের নিরাপত্তায়, বিজিবিকে আরও স্মার্ট ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তুলতে কাজ করছে সরকার জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, সকল প্রতিকূলতা মোকাবেলা করে, দেশের আস্থার প্রতীক হয়ে উঠবে বিজিবি। সোমবার সকালে পিলখানা সদর দফতরে, বিজিবি দিবসে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। সকালে পিলখানা সদর দফতরে, বিজিবি দিবস-২০২৩ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। খোলা জিপে বিভিন্ন কন্টিনজেন্ট এবং পতাকাবাহী দলের মনোমুগ্ধকর প্যারেড পরিদর্শন এবং অভিবাদন গ্রহণ করেন প্রধানমন্ত্রী। অসীম সাহসিকতা, বীরত্বপূর্ণ কাজ, সীমান্ত রক্ষায় দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের স্বীকৃতিস্বরূপ বিজিবির ৭২ সদস্যকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পদকে ভূষিত করা হয়। পদক পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বক্তৃতার শুরুতেই, মহান মুক্তিযুদ্ধে তৎকালীন বিডিআরের ভূমিকা ও আত্মত্যাগ তুলে ধরেন প্রধানমন্ত্রী। স্মরণ করেন ২009 সালের পিলখানা ট্রাজেডির কথাও। আগামীর বিশ্বের সাথে তাল মেলাতে, দেশের সকল বাহিনীকে আধুনিক ও স্মার্ট করে গড়ে তোলা হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী, (স্বকণ্ঠে) : বর্ডার গার্ড বাংলাদেশকে আমরা বিশ্বমানের আধুনিক সীমান্তরক্ষী বাহিনী হিসেবে গড়ে তোলার জন্য বর্ডার গার্ড বাংলাদেশ ভিশন ২০৪১ প্রণয়ন করেছি। যেভাবে বাংলাদেশকে আমরা ২০৪১ সালের মধ্যে  উন্নত, সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ করতে চাই, আমাদের বিজিবি হবে তেমনই একটি স্মার্ট বাহিনী।(রে. তেহরান : ২০৩০ ঘ. ০৪.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# ডয়চে ভেলে

## ঝুঁকিপূর্ণ ভবনের সামনে সতর্কতামূলক নোটিশ দেওয়ার নির্দেশ

ঢাকার বেইলি রোডে অগ্নিকাণ্ডের ঘটনায় ৪৬ জন নিহত ও বেশ কয়েকজন আহত হওয়ার ঘটনা তদন্তে স্বরাষ্ট্র সচিবের প্রতিনিধির নেতৃত্বে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে হাইকোর্ট। ঢাকার ঝুঁকিপূর্ণ ভবনগুলোর বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, সে বিষয়ে আগামী চার মাসের মধ্যে প্রতিবেদন দিতে কমিটিকে নির্দেশ দেওয়া হয়েছে। হাইকোর্টের আদেশে বলা হয়েছে, পুলিশের মহাপরিদর্শক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং ঢাকা সিটি করপোরেশনের প্রতিনিধিদের সমন্বয়ে বিশেষজ্ঞ কমিটি গঠন করা হবে বলে। আদেশে ঢাকার সব ঝুঁকিপূর্ণ ভবনের সামনে সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপন এবং বেইলি রোড ছাড়াও অন্যান্য ভয়াবহ অগ্নিকাণ্ডের

ঘটনা তদন্তেরও নির্দেশ দিয়েছেন আদালত। এছাড়া, বেইলি রোডের যে ভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে সেখানে ফায়ার এক্সিট স্থাপনে ব্যর্থতা কেন বেআইনি ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে আদালত একটি রুল জারি করেছেন। দুটি রিট আবেদনের পরিপ্রেক্ষিতে আজ এ আদেশ ও রুল দেন বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চ।

বেইলি রোডের অগ্নিকাণ্ডের কারণ, তদন্ত এবং দায়ীয়ের শাস্তির জন্য প্রয়োজনীয় নির্দেশনা চেয়ে গতকাল সুপ্রিম কোর্টের দুই আইনজীবী মো. ইউনুস আলী আকন্দ ও ইশরাত জাহান এ দুটি আবেদন করেন। ইউনুস আলীর আবেদনে ঢাকার সব আবাসিক ভবনে রেস্তোরাঁ ও বাণিজ্যিক কার্যক্রম বন্ধে হাইকোর্টের নির্দেশনা চান। আবেদনে তিনি বেইলি রোডের অগ্নিকাণ্ডে নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ দিতে এবং আহতদের চিকিৎসা দেওয়ার জন্য সরকারকে নির্দেশ দিতে হাইকোর্টের প্রতি আহ্বান জানান। আজ আবেদনের শুনানির সময় রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অমিত দাস গুপ্ত। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৪ রিহাব)

## অসাধু কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযান নাই কেন ?

বেইলি রোডে গ্রিন কোজি কটেজে আগুনে ৪৬ জনের মৃত্যুর পর জেগে উঠেছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), সিটি করপোরেশন এবং ঢাকা মেট্রেপলিটন পুলিশ (ডিএমপি)। রোববার রাত থেকে বহুতল ভবনের রেস্টুরেন্টের বিরুদ্ধে অভিযান শুরু করেছে তারা। কিন্তু প্রশ্ন উঠেছে হঠাৎ এই অপরিকল্পিত অভিযান কোনো কাজে আসবে কি না। আরো যেসব ঝুঁকিপূর্ণ ভবন আছে সেখানে অভিযান হচ্ছে না কেন ? এসব ভবনের সঙ্গে জড়িত সরকারের বিভিন্ন সংস্থার অসাধু কর্মকর্তা-কর্মচারীরা কি রেহাই পেয়ে যাবে ? আর এই অভিযান কতদিন চলবে ? প্রথমে শুরু করে ডিএমপি। রোববার বিকাল থেকে তারা ধানমন্ডি, মোহাম্মদপুর, গুলশান ও বসুন্ধরা এলাকায় কমপক্ষে ৫০টি রেস্তোরাঁয় অভিযান চালিয়ে ৪০ জনকে গ্রেফতার করেছে। অনেককে আবার সতর্ক করে মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। পুলিশের এই অভিযানে আগুনের বিরুদ্ধে প্রয়োজনীয় নিরাপত্তা আছে কি না তা দেখা হচ্ছে বলে পুলিশ কর্মকর্তারা জানান।

অন্যদিকে, সোমবার অভিযান শুরু করেছে রাজউক। তারা ধানমন্ডি সাত মসজিদ এলাকায় অভিযান চালিয়ে 'গাউছিয়া টুইন পিক' ভবনের ১২টি রেস্তোরাঁ বন্ধ করে দিয়েছে। আর ঐ ভবনের ছাদের খাবার জায়গা ভেঙে ফেলেছে। ১৫ তলা ভবনটিতে অফিসের অনুমোদন থাকলেও সেখানে রেস্তোরাঁ, কাপড় এবং ঔষধের দোকান দেয়া হয়েছে। আর ছাদ খোলা রাখার কথা থাকলেও সেখানে রুফটপ রেস্তোরাঁ করা হয়েছে। সাত মসজিদ রোড এলাকায় কেয়ারি ক্রিসেন্ট ভবনও সিলগালা করে সেখান থেকে তিনজনকে আটক করা হয়েছে। ঐ ভবনে অভিযান চালায় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। তবে সিটি করপোরেশনের অভিযানের আগেই খবর পেয়ে ঐ ভবনের হোটেলগুলো বন্ধ করে দেয় মালিক কর্তৃপক্ষ। অবশ্য শুধু এই হোটেল রেস্তোরাঁ কেন্দ্রিক অভিযান নিয়ে প্রশ্ন তুলেছেন বাংলাদেশ রেস্তোরাঁ মালিক সমিতির সাধারণ সম্পাদক ইমরান হাসান। তিনি বলেন,"আমাদের সিটি করপোরেশন লাইসেন্স দিয়েছে। আমরা ভ্যাট-ট্যাক্স দিচ্ছি। ভবন মালিক রাজউকের অনুমোদন নিয়ে ভবন তুলেছে। রাজউক এত দিন কিছু বলেনি। আমরা তো মাত্র ভাড়া নিয়েছি। আমাদের রেস্তোরাঁর সেইফটি সিকিউরিটির দায়িত্ব আমাদের। কিন্তু ভবনের সেইফটি সিকিউরিটির দায়িত্ব তো মালিকের। আমাদের কোনো নোটিশ না দিয়েই কেন ব্যবস্থা নেয়া হচ্ছে ? এসব হোটেল রেস্তোরাঁকে কারা অনুমোদন দিলো ? আমরা বহুবার বলেছি আমাদের সঙ্গে কথা বলে অনুমোদন দেন। কিন্ত তারা তা না করে নানা সুবিধা নিয়ে অনুমোদন দিয়েছে।" রেস্তোরাঁ মালিক সমিতির সদস্য ঢাকায় এক হাজার এবং সারাদেশে ৬০ হাজার বলে জানান তিনি।

ফায়ার সার্ভিসের সর্বশেষ পরিদর্শনে রাজধানী ঢাকায় দুই হাজার ৬০৩টি ভবন আগুনের অতি ঝুঁকিতে আছে। এর মধ্যে সবচেয়ে বেশি এক হাজার ১০৬টি বিপণি বিতান। অতি ঝুঁকির তালিকায় ৮০১টি শিক্ষাপ্রতিষ্ঠান, ৩৪৫টি হাসপাতাল ও ৩২৫টি আবাসিক ভবন আছে। রাজউকের নগর পরিকল্পনাবিদ ও বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) প্রকল্পের পরিচালক আশরাফুল ইসলাম জানান, "আমরা যে অভিযান শুরু করেছি তা পুলিশ পাওয়া সাপেক্ষে অব্যাহত থাকবে। আমাদের ১২ জন ম্যাজিস্ট্রেট আছে। তারা সবাই মোবাইল কোর্ট পরিচালনা করেন। তবে অভিযান পরিচালনার জন্য আমাদের পুলিশ পেতে হবে।" ঢাকার রেস্তোরাঁই কি শুধু ঝঁকিপূর্ণ ভবনে, না আরো ঝুঁকিপূর্ণ ভবন আছে ? জানতে চাইলে তিনি বলেন,"না আরো ঝঁকিপূর্ণ ভবন আছে। সেই সব ভবনেও আমরা অভিযান চালাবো। আমরা নিরাপত্তা ব্যবস্থা দেখব।" তবে তালিকায় এরকম কতগুলো ভবন আছে জানতে চাইলে তিনি বলেন, "আমাদের কাছে মোটামুটি একটা তালিকা আছে। তবে আমরা তালিকা আগে প্রকাশ করব না। এটা গোপনীয় তথ্য।"

ড্যাপের সমীক্ষা প্রতিবেদন বলছে, ঢাকার ভবনগুলোর মধ্যে ৮৮ ভাগ ভবন অবৈধ। আর বাকি ১২ ভাগ কোনো না কোনো ভাবে ব্যত্যয় করেছে। রাজউক এলাকায় মাত্র সাড়ে পাঁচ হাজার ভবনের অকুপেন্সি সার্টিফিকেট আছে। এদিকে, ডিএমপির অভিযানও চলবে বলে জানিয়েছেন অতিরিক্ত পুলিশ কমিশনার খ. মহিদ উদ্দিন। তিনি বলেন, "প্রত্যেক থানার ওসিরা তৎপর হয়েছেন। প্রত্যেক এলাকার ঝুঁকিপূর্ণ হোটেল রেস্তোরাঁকে আমরা চিঠি দিচ্ছি, সতর্ক করছি। তারপর অভিযান চালাচ্ছি" । তিনি এক প্রশ্নের জবাবে বলেন, "আমরা শুধু হোটেল রেস্তোরাঁ না, আমরা মূলত কোনো স্থাপনায় ঝুঁকিপূর্ণ কোনো বস্তুর উপস্থিতির বিরুদ্ধে অভিযান চালাচ্ছি। যা মানুষের প্রাণহানির মত কারণ হতে পারে। আইনে আমরা যেটুকু পারছি সেটুকু করছি। আরো অনেক অনিয়ম আছে। তা দেখার জন্য আরো সাতটি প্রতিষ্ঠান আছে। সবাই

দেখলে আশা করি পরিস্থিতির উন্নতি হবে।" তবে এই ধরনের যে যার মতো অভিযানের সমালোচনা করেছেন নগর পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মোহাম্মদ খান। তিনি বলেন,"ত্রুটিপূর্ণ ভবনের তালিকা আছে। সেটা ধরে সরকারের ছয়-সাতটি সংস্থা যারা এর দায়িত্বে আছে তাদের সমন্বিত অভিযান দরকার। তা না হলে এই অভিযান তেমন কাজে আসবে না।" তার কথা,"এখন শুধু রেস্তোরাঁয় অভিযান শুরু হয়েছে। কিন্তু ত্রুটিপূর্ণ তো আরো অনেক ভবন আছে। সেখানে অভিযান নেই কেন ? আর রেস্টুরেন্টে অভিযান চালিয়ে কর্মচারীদের আটক করা হচ্ছে। এটা অন্যায়। কারণ তারা তো কাজ করতে এসেছেন। ঐ ভবনের মালিক, রেস্তোরাঁ মালিক তাদের তো আটক করা হচ্ছে না। বেইলি রোডের ভবনের মালিককে এখনো গ্রেফতার করা হয়নি।" তিনি বলেন, "সমস্যা অনেক বড়। সেখানে হাত দিতে হবে। এইসব ভবন, হোটেলের পারমিশন কারা দিয়েছে ? এখানে রাজউক, ফায়ার সার্ভিস, সিটি করপোরেশনের কর্মকর্তরা জড়িত। তাদের গ্রেফতার করা হচ্ছে না কেন? তাদের বিরুদ্ধে অভিযান কবে হবে? কে চালাবে?" ফায়ার সার্ভিসের জনসংযোগ কর্মকর্তা মো. শাহজাহান শিকদার জানান, তারাও সোমবার থেকে ধানমন্ডি এলাকায় অভিযান শুরু করেছেন। তিনি বলেন,"আমরা প্রথমে হোটেল-রেস্তোরাঁ, এরপর হাসপাতাল, ক্লিনিকে অভিযান চালাবো। পর্যায়ক্রমে সব স্থাপনায়ই তালিকা ধরে অভিযান হবে।" রাজউকের কাছে সর্বশেষ ঢাকায় কত ভবন তার হিসাব নেই। তবে রাজউকের বিশদ অঞ্চল পরিকল্পনার (ড্যাপ) আওতায় পরিচালিত এক জরিপ অনুযায়ী, ২০১৬ সালে মোট ভবনের সংখ্যা ছিলো ২১ লাখ ৪৭ হাজার ১৭৪টি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৪ রিহাব)

## এনএইচকে

### পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে দ্বিতীয় মেয়াদে নির্বাচিত শেহবাজ শরিফ

দ্বিতীয় মেয়াদে পাকিস্তানের প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন শেহবাজ শরিফ। তিনি নতুন একটি জোট সরকারের নেতৃত্ব দেবেন। গত মাসে একটি সাধারণ নির্বাচনের পর গতকাল রবিবার পাকিস্তানের জাতীয় পরিষদ তাকে নির্বাচিত করে। পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ দলের নেতা ৭২ বছর বয়সী শরিফ, তার দল পাকিস্তান পিপলস পার্টিসহ একাধিক মিত্রের সমন্বয়ে গঠিত একটি জোটের মনোনীত প্রার্থী ছিলেন। দেশটির রাজনীতিতে শক্তিশালী প্রভাব বিস্তারকারী সেনাবাহিনীর সঙ্গে নবনির্বাচিত এই প্রধানমন্ত্রীর ভালো সম্পর্ক রয়েছে বলে জানা গেছে। গত বছরের আগস্ট মাসে তিনি প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেন। শরিফ এক বক্তৃতায় বলেন যে, তার সরকার তরুণ-তরুণীদের জন্য কর্মসংস্থান সৃষ্টিতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে। তার ভাষ্যমতে, "আমাদের লক্ষ্য হল অন্তত ৫ লক্ষ তরুণ শিক্ষার্থীকে সর্বোচ্চ অত্যাধুনিক প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার এবং মেশিন লার্নিং-এর বিষয়ে বিশেষ প্রশিক্ষণ দেয়ার মাধ্যমে আইটি রপ্তানিকে আকাশচুম্বী সীমায় নিয়ে যাওয়া।" (এনএইচকে ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ এলিনা)

## রেডিও টুডে

### ভারত থেকে ১ লাখ মেট্রিক টন চিনি ও ৫০ লাখ মেট্রিক টন পেঁয়াজ আসবে : বাণিজ্য প্রতিমন্ত্রী

পবিত্র রমজানের আগেই ভারত থেকে ১ লাখ মেট্রিক টন চিনি এবং ৫০ লাখ মেট্রিক টন পেঁয়াজ আসবে। যার প্রভাব বাজারে পড়বে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল হক টিটু। সোমবার সকালে ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এর দ্বিতীয় দিনে চতুর্থ অধিবেশনে বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের কার্য অধিবেশন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, দেশের তেলের শুল্ক কমানোর জন্য দশ টাকা কমেছে তেলের দাম। রমজানকে সামনে রেখে সব পণ্যের যথেষ্ট সরবরাহ আছে তাই রোজায় কোন পণ্যের দাম বাড়বে না। তিনি আরো বলেন, বাজারে বাণিজ্য মন্ত্রণালয়ের মনিটরিং অব্যাহত আছে আর এ কারণেই এবার কেউ কারসাজি করতে পারবে না। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ রুবাইয়া)

### বাংলাদেশে ৫০ হাজার টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দিয়েছে ভারতের ক্ষমতাসীন বিজেপি সরকার

বাংলাদেশে ৫০ হাজার টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দিয়েছে ভারতের ক্ষমতাসীন বিজেপি সরকার। দেশটির রাষ্ট্রায়াত্ত সংস্থা ন্যাশনাল কো-অপারেটিভ এক্সপোর্ট লিমিটেড এনসিইএল এর মাধ্যমে এই পেঁয়াজ বাংলাদেশে রপ্তানি করা হবে। সোমবার ভারতের বৈদেশিক বাণিজ্যিক বিষয়ক মহাপরিচালকের দপ্তরে এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে বাংলাদেশের পাশাপাশি মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাতেও ১৪৪০০ টন পেঁয়াজ রপ্তানি করবে নয়াদিল্লি। ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ের বৈদেশিক বাণিজ্য দেখভালের দায়িত্বপ্রাপ্ত সংস্থা ডিজিএফটি। দেশটির আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট নিয়ম নীতি নিয়ে কাজ করে থাকে সংস্থাটি। বিজ্ঞপ্তিতে সংস্থাটি বলেছেন ভোক্তা বিষয়ক এর সাথে পরামর্শ করে পেঁয়াজ রপ্তানির রূপরেখা তৈরি করবে এনসিইএল।(রে. টুডে: ১৮৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ রুবাইয়া)

### দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় সংগীত শেষে মাদকবিরোধী বক্তব্য দেয়ার নির্দেশ দিয়েছে মাউশি

মাদক বিরোধী প্রচারণা জোরদারের অংশ হিসেবে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত শেষে মাদকবিরোধী বক্তব্য দেয়ার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মাউশি। সোমবার মাউশির সহকারি পরিচালক তপন কুমার দাস স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশ দেয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে স্কুল-কলেজসহ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী প্রচারণা জোরদারে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি জাতীয় সংগীত

শেষে নিয়মিত মাদকবিরোধী সংক্ষিপ্ত বক্তব্য দেয়ার উদ্যোগ নেবেন। এই নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ রুবাইয়া)

**রাজধানীর বিভিন্ন রেস্টুরেন্টে অভিযান চালিয়ে ১৯ জনকে গ্রেফতার করেছে আইন-শৃঙ্খলা বাহিনী**

অগ্নি নিরাপত্তা নিশ্চিতে রাজধানীর বিভিন্ন রেস্টুরেন্টে অভিযান চালিয়ে ১৯ জনকে আটক করেছে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। রোববার রাতে ধানমন্ডি, গুলশান, মিরপুর, উত্তরা সহ রাজধানীর বিভিন্ন এলাকায় এই অভিযান চালানো হয়। ঢাকা মহানগর অতিরিক্ত পুলিশ কমিশনার ড. খন্দকার মহিদউদ্দিন এই তথ্য নিশ্চিত করেছেন।
(রেডিও টুডে : ৮৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**বিজিবি সদস্যদের চেইন অব কমান্ড মেনে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর**

শৃঙ্খলার ব্যাঘাত না ঘটিয়ে চেইন অফ কমান্ড মেনে কাজ করতে বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার সকালে পিলখানার বীর উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে বিজিবি দিবস উপলক্ষ্যে আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। শেখ হাসিনা বলেন, বিজিবিকে বিশ্বমানের আধুনিক বাহিনী হিসেবে গড়ে তুলতে সরকার কাজ চালিয়ে যাচ্ছে। বিজিবিকে স্মার্ট বাহিনী হিসেবে গড়ে তোলা হবে। ১৫ বছর আগে পিলখানায় বিডিআর বিদ্রোহ সংঘটিত হত্যাকাণ্ডের মতো ঘটনার পুনরাবৃত্তি যেন আর না ঘটে সেই প্রত্যাশা রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন মির্জা ফখরুল**

চিকিৎসার জন্য সস্ত্রীক সিঙ্গাপুরের উদ্দেশ্যে রওনা দিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সোমবার সকাল সাড়ে আটটার একটি ফ্লাইটে তিনি ঢাকা ছাড়েন। বিএনপির মিডিয়া সেলের সদস্য সায়রুল কবির খান সংবাদ মাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন। গেল বছরের ২৯ অক্টোবর গ্রেফতারের পর তিন মাস কারা ভোগ করে ১৫ই ফেব্রুয়ারি মুক্তি পান মির্জা ফখরুল। দীর্ঘ সময় কারাগারে থাকায় তার শারীরিক জটিলতাগুলো বেড়েছে বলে পারিবারিক সূত্রে জানা গেছে। ইতোমধ্যে তাকে এক হাতে লাঠির সহযোগিতা নিয়ে হাঁটতে হচ্ছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**ওআইসি পররাষ্ট্রমন্ত্রী পরিষদের বিশেষ বৈঠকে যোগ দিতে আগামীকাল জেদ্দা যাবেন পররাষ্ট্রমন্ত্রী**

ফিলিস্তিনি জনগণের বিরুদ্ধে ইসরাইলের অব্যাহত আগ্রাসন নিয়ে আলোচনার জন্য আগামীকাল মঙ্গলবার জেদ্দায় ওআইসি পররাষ্ট্রমন্ত্রী পরিষদের বিশেষ বৈঠকে যোগ দেবেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সৌদি আরবের জেদ্দায় ইসলামী সহযোগিতা সংস্থা, ওআইসির জেনারেল সেক্রেটারিয়েটের সদর দপ্তরে এই বৈঠক অনুষ্ঠিত হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন বৈঠকে যোগ দিতে তুরস্ক থেকে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জেদ্দা যাবেন। পহেলা থেকে তেসরা মার্চ তুরস্কে অনুষ্ঠিত আনাতোলিয়া কূটনীতি ফোরামে অংশগ্রহণকালে পররাষ্ট্রমন্ত্রী ঐ অনুষ্ঠানকে আন্তর্জাতিক সংলাপের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে বর্ণনা দেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**জনগণের উপর প্রতিশোধ নিতেই গ্যাস ও বিদ্যুতের দাম বাড়িয়েছে সরকার : রিজভী**

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির কবির রিজভী বলেছেন, আওয়ামী লীগ জনগণের ভোটাধিকার হরণ ও নির্মমভাবে রাষ্ট্র ক্ষমতা দখল করে দেশকে জুলুমতন্ত্রে পরিণত করেছে। তিনি বলেন, দেশ থেকে গণতন্ত্র এখন নির্বাসিত। জনগণের কথা বলার ন্যূনতম কোন অধিকার নেই, এমনকি মানুষের জান-মালেরও কোন নিরাপত্তা নেই। ডামি নির্বাচনে জনগণ তাদের ভোট না দেওয়ায় জুলুম আরো বাড়িয়ে দিয়েছে। তাই জনগণের বিরুদ্ধে প্রতিশোধ নিতে আবারও গ্যাস, বিদ্যুতের দাম বাড়িয়েছে সরকার। সোমবার বগুড়ার শেরপুর ও শাজাহানপুরে গণতান্ত্রিক আন্দোলনে নিহতদের পরিবারের সদস্যদের সান্ত্বনা দিতে তিনি এসব কথা বলেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**দেশের অর্থনীতি নিয়ে দুশ্চিন্তার কিছু নেই : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, অর্থনীতি নিয়ে অনিশ্চয়তা ও হতাশার কিছু নেই। দেশে অর্থনীতি নিয়ে প্রপাগান্ডা ও অপপ্রচার চালানো হচ্ছে। সোমবার সকালে জেলা প্রশাসক সম্মেলন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, স্বাধীনতার পর বর্তমানে দেশ ভালো স্থানে আছে। আমাদের উন্নয়ন সূচক বাড়ছে, পদ্মা সেতুসহ অনেক বড় প্রকল্প নিয়ে বিএনপি সহ অনেকেই বিরূপ মন্তব্য করেছিলো। এগুলো সিরিয়াস ক্রিটিসিজম না। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**জামিন পেলেন পিকে হালদারের বান্ধবী অবন্তিকা বড়াল**

অবৈধ সম্পদ অর্জন ও অর্থ পাচারের মামলায় পি কে হালদারের বান্ধবী চার বছরের সাজাপ্রাপ্ত অবন্তিকা বড়াল কে জামিন দিয়েছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি জাফর আহমেদের হাইকোর্ট বেঞ্চ এই জামিন দেন। তবে দুদকের আইনজীবী খুরশিদ আলম খান বলেছেন জামিন স্থগিত চেয়ে তারা আপিল বিভাগে যাবেন।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**বেইলি রোডে বহুতল ভবনে অগ্নিকাণ্ডের ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠনের নির্দেশ**

রাজধানীর বেইলি রোড অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় স্বরাষ্ট্র সচিব, পুলিশ মহাপরিদর্শক, রাজউক, ফায়ার সার্ভিস, বুয়েটের বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কমিটি গঠনে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সেই সঙ্গে ঝুঁকিপূর্ণ বিল্ডিং এর বিষয়ে কী পদক্ষেপ নেয়া হয়েছে চার মাসের মধ্যে সে বিষয়ে জানানোর জন্য বলা হয়েছে। সোমবার বিচারপতি নাইমা হায়দারের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪ আসাদ)

**মালয়েশিয়ায় ট্রেনের ধাক্কায় তিন প্রবাসী বাংলাদেশি নিহত**

মালয়েশিয়ায় কমিউটার ট্রেনের ধাক্কায় তিন প্রবাসী বাংলাদেশির নিহতের খবর এসেছে দেশটির সংবাদ মাধ্যমে। পাসপোর্ট দেখে তারা বাংলাদেশী বলে নিশ্চিত হওয়া গেলেও বিস্তারিত পরিচয় তাৎক্ষণিকভাবে জানায়নি দেশটির স্থানীয় প্রশাসন। মালয়েশিয়ার রাষ্ট্রীয় সংবাদ বার্নাভার প্রতিবেদনে বলা হয়েছে রাত সোয়া বারোটার দিকে তিন জনের মরদেহ উদ্ধার করা হয়। পরে মরদেহ পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। নিহতদের মরদেহ রেল ট্র্যাকের পাশে পড়েছিল। তাদের বয়স আনুমানিক ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। কুয়ালালামপুরে বাংলাদেশ হাইকমিশন সূত্র জানিয়েছে দুর্ঘটনায় নিহত বাংলাদেশিদের বিষয়ে খোঁজ নিতে মালয়েশিয়ান পুলিশ সহ সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৪.০৩.২০২৪)

## জাগো এফএম

**১০ মার্চ থেকে ৬০০ টাকায় মিলবে গোরুর মাংস**

পবিত্র রমজান উপলক্ষ্যে আগামী ১০ মার্চ থেকে ঢাকায় ভ্রাম্যমাণ ট্রাকে গোরুর মাংস, মুরগি ও ডিম বিক্রি করবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ভ্রাম্যমাণ ট্রাকে প্রতি কেজি গোরুর মাংস ৬০০ টাকা, খাসির মাংস ৯০০ টাকা, ড্রেসিং করা ব্রয়লার মুরগি ২৮০ টাকা এবং ডিম ১০ টাকা ৫০ পয়সা দরে বিক্রি হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মো. আবদুর রহমান এ তথ্য জানিয়েছেন। সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলনে খাদ্য ও মৎস্য মন্ত্রণালয়ের সঙ্গে প্রশাসকদের অধিবেশন শেষে প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান তিনি। মো. আবদুর রহমান বলেছেন, রমজান মাসে আমরা কঠোরভাবে বাজার নিয়ন্ত্রণ করবো। এ ভ্রাম্যমাণ পণ্য বিক্রি কার্যক্রম রমজানে বাজার নিয়ন্ত্রণে সহায়তা করবে। তিনি বলেন, শুরুতে ঢাকা শহরে ৩০টি স্পটে পণ্যগুলো বিক্রি করা হবে। এটা হলো আমাদের একটি অন্তবর্তীকালীন ব্যবস্থা। আগামী ১০ মার্চ সেটা উদ্বোধন করা হবে। এটি ইদের আগের দিন পর্যন্ত চলবে।

ঢাকার বাইরে এ ধরনের কোনো পরিকল্পনা আছে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, ঢাকায় ৩০ জায়গায় এটা করা হবে। পর্যায়ক্রমে সামর্থ্য অনুসারে এ ব্যাপারগুলো আরও বেশি জায়গায় প্রসারিত করার চেষ্টা করবো। এসময় খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার এবং কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**রমজানে নতুন করে কোনো পণ্যের দাম বাড়বে না**

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল আলম টিটু বলেছেন, রমজানে নতুন করে কোনো পণ্যের দাম বাড়বে না। বাজারে তেলের দাম ১০ টাকা কমেছে, যা আজকালের মধ্যে পাওয়া যাবে। অন্য কোনো পণ্যের সরবরাহে সংকট নেই। সোমবার (৪ মার্চ) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের সঙ্গে প্রশাসকদের অধিবেশন শেষে প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি। এ সময় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন উপস্থিত ছিলেন। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, তেলের যে দাম কমানো হয়েছে, সেটি আজকালের মধ্যেই কার্যকর হবে। ইতোমধ্যে ফ্যাক্টরি লেভেলে তেলের দাম কমানো হয়েছে কি না সেটা ভোক্তা অধিদপ্তরের মাধ্যমে ভিজিট করেছি। ডিসিদের নির্দেশ দিয়েছি বাড়তি দামে বিক্রি হলে ব্যবস্থা নিতে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**আঙুর-খেজুর নয়, বরই-পেয়ারা দিয়ে ইফতার করুন : শিল্পমন্ত্রী**

আঙুর-খেজুরের পরিবর্তে বরই-পেয়ারা দিয়ে ইফতার করার পরামর্শ দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেছেন, আঙুর-খেজুর নয়, বরই-পেয়ারা দিয়ে ইফতার করুন। তিনি বলেন, আপেল লাগে কেনো? আঙুর লাগে কেনো? আর কিছু নেই আমাদের। ইফতারে পেয়ারা খান, আমাদের যা আছে সেগুলো ব্যবহার করুন। ইফতারের প্লেট সেভাবে সাজান। সোমবার (৪ মার্চ) রাজধানীর ওসমানী মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। শিল্পমন্ত্রী বলেন, আমাদের অভাব অভিযোগ আছে। অনেক পণ্য আমাদের আমদানি করতে হয়। দাম বেশি পড়ে। প্রধানমন্ত্রী বলেছেন ইফতার পার্টি হবে না। আপনারা যেমন পরিবারের সমস্যাগুলো দেখেন, সেভাবে দেশের সমস্যাগুলো নিজেদের মনে করে দেখতে হবে। তিনি বলেন, আমাদের পণ্যগুলো বিশ্বমানের করতে হবে। মন্ত্রণালয় কাজ করছে। আমরা আনন্দিত। জেলা প্রশাসকরা গুরুত্বের সঙ্গে কাজ করেছেন। প্রতিটি এলাকার জেলা প্রশাসকদের গুরুত্বপূর্ণ পণ্যগুলো জিআই করার জন্য আবেদন করতে বলা হয়েছে। তারা আন্তরিকভাবে কাজ করছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## মালয়েশিয়ায় ট্রেনের ধাক্কায় তিন বাংলাদেশি নিহত

মালয়েশিয়ায় ট্রেনের ধাক্কায় তিন বাংলাদেশি নিহত হয়েছেন। রোববার (৩ মার্চ) রাতে সেলাঙ্গর রাজ্যের কাজাং কেটিএম পুনচাক উতামা জেড হিল ট্র্যাকে এ দুর্ঘটনা ঘটে। মালয়েশিয়ার রাষ্ট্রীয় সংবাদমাধ্যম বারনামার প্রতিবেদনে বলা হয়েছে, রাত সোয়া ১২টার দিকে তিনজনের মরদেহ উদ্ধার করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। সেলাঙ্গর রাজ্যের ফায়ার অ্যান্ড রেসকিউ বিভাগের (জেপিবিএম) পরিচালক ওয়ান মো. রাজালি ওয়ান ইসমাইল জানান, রাত ১০টা ৫৩ মিনিটে দুর্ঘটনার খবর পান তারা। এরপর কাজাং স্টেশন থেকে পাঁচজনের একটি দলকে ঘটনাস্থলে পাঠানো হয়। তিনি বলেন, নিহতদের মরদেহ রেললাইনের পাশে পড়েছিল। তাদের বয়স ৩০ থেকে ৪০ বছর। এ প্রতিবেদন লেখা পর্যন্ত নিহত বাংলাদেশিদের পরিচয় পাওয়া যায়নি।(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## ৮ বিভাগেই বৃষ্টির আভাস, ৬০ কি.মি. বেগে বইতে পারে ঝড়

সোমবার দেশের আট বিভাগেই ঝড়-বৃষ্টি হতে পারে। সন্ধ্যা পর্যন্ত বিভিন্ন অঞ্চলে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হওয়া বয়ে যেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া বিভাগ। তবে মঙ্গলবার সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে, কমতে পারে রাতের তাপমাত্রা। দেশের সর্বনিম্ন তাপমাত্রা আরও কিছুটা বেড়েছে। সোমবার সকালে দেশের সর্বনিম্ন তাপমাত্রা ১৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস ছিল মৌলভীবাজারের শ্রীমঙ্গলে। ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। সোমবার সকাল ৯টা থেকে আগামী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে আবহাওয়াবিদ মো. হাফিজুর রহমান জানান, রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ সময়ে সারাদেশে দিনের তাপমাত্রা ১ থেকে ৩ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে বলেও জানান তিনি। মঙ্গলবার আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলিয়াস বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে। বুধবার সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে হলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## ওয়ারীতে আবাসিক ভবনে রেস্টুরেন্টের বিরুদ্ধে অভিযানে পুলিশ

ঢাকা মহানগর (ডিএমপি) পুলিশের ওয়ারী বিভাগের আওতাধীন বিভিন্ন আবাসিক ভবনে থাকা রেস্টুরেন্টের বিরুদ্ধে অভিযান শুরু করেছে পুলিশ। সোমবার (৪ মার্চ) বিকেল ৩টা ৪৫ মিনিটের দিকে এ অভিযান শুরু হয়। অভিযানে নেতৃত্ব দিচ্ছেন ওয়ারী বিভাগের উপ-কমিশনার মো. ইকবাল হোসাইন। তিনি জানান, অবহেলা, তাচ্ছিল্যও বিপজ্জনকভাবে গ্যাস সিলিন্ডার ব্যবহার করে যারা আবাসিক ভবনে রেস্টুরেন্ট করেছেন তাদের বিরুদ্ধে অভিযান চলবে। অভিযানের শুরুতে তারা র‌্যাংকিং স্ট্রিটের 'আই লাভ মেজ্জান' রেস্টুরেন্ট পরিদর্শন করেন। সেখানে রেস্টুরেন্টের ভেতরে কিচেন দেখা যায়। কিচেনের পাশে এক্সিট পথ থাকলেও সেটি বন্ধ পাওয়া গেছে এবং সেই পথে বিভিন্ন মালামাল রেখে প্রতিবন্ধকতা তৈরি করে রাখা হয়েছে। রাজধানীর বেইলি রোডে রেস্টুরেন্ট থেকে অগ্নিকাণ্ডের ঘটনায় ৪৬ জনের প্রাণহানির পর নড়েচড়ে বসে সরকারের বিভিন্ন দপ্তর। এরই ধারাবাহিকতায় গত কয়েকদিন ধরে রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান শুরু করে ঢাকা সিটি করপোরেশন, রাজউক ও ঢাকা মহানগর পুলিশের একাধিক টিম।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## ওয়ারীর পেশওয়ারাইন রেস্টুরেন্টের দুই ম্যানেজার গ্রেফতার

রাজধানীর ওয়ারীর পেশওয়ারাইন রেস্টুরেন্টে অগ্নিকাণ্ডের ঘটনায় রেস্টুরেন্টের দুই ম্যানেজারকে গ্রেফতার করেছে পুলিশ। তারা হলেন- সালাউদ্দিন আহম্মেদ (২৯) ও সাইফুল ইসলাম ওরফে শিমুল (৩০)। এসময় ঐ রেস্টুরেন্ট থেকে জব্দ করা হয় চারটি গ্যাস সিলিন্ডার, একটি ভাঙা গ্যাসের চুলা ও ১০০ লিটারের একটি পাতিল। পুলিশ বলছে, পেশওয়ারাইন রেস্টুরেন্টের মালিক এবং ম্যানেজার রেস্টুরেন্টের নিরাপত্তা ব্যবস্থা ছাড়াই রান্নার কাজে সিলিন্ডার এবং চুলা ব্যবহার করেছেন। রান্নার কাজে ব্যবহারের জন্য নিরাপত্তার তোয়াক্কা না করে অসাবধানতা, অবহেলা, বেপরোয়া ও তাচ্ছিল্যপূর্ণ এবং বিপজ্জনকভাবে এই গ্যাস সিলিন্ডার ব্যবহার করায় গত ১ মার্চ রাতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। সোমবার (৪ মার্চ) জাগো নিউজকে এসব তথ্য জানান ডিএমপির ওয়ারী জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) মো. এস. এম শামীম। তিনি জানান, ১ মার্চ দিনগত রাত ১০টা ১০ মিনিটের দিকে ওয়ারী থানাধীন পেশওয়ারাইন রেস্টুরেন্টে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তখন আগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের ইউনিট, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং পুলিশের কয়েকটি টহল টিম কাজ করে। এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

এডিসি এস. এম শামীম আরও বলেন, ১ মার্চ আগুন লাগার ঘটনার পরও পেশওয়ারাইন রেস্টুরেন্টটিতে পুনরায় রান্নার কাজে ব্যবহারের জন্য নিরাপত্তার তোয়াক্কা না করে গ্যাস সিলিন্ডার ব্যবহার করা হয়। ৩ মার্চ ওই এলাকায় ডিউটিরত অবস্থায় এসআই মো. রেজাউল করিম চৌধুরী বিষয়টি জানতে পারেন। এরপর ঘটনার সত্যতা যাচাই ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য ঘটনাস্থলে পৌঁছালে রেস্টুরেন্টের সবাই পালানোর চেষ্টা করেন। এসময় দুই ম্যানেজার সালাউদ্দিন আহম্মেদ ও সাইফুল ইসলামকে গ্রেফতার করা হয়।(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## অগ্নিকাণ্ডের ঝুঁকিপূর্ণ ভবনে নোটিশ টানানোর নির্দেশ হাইকোর্টের

রাজধানীর যেসব ভবনকে অগ্নিকাণ্ডের জন্য ঝুঁকিপূর্ণ উল্লেখ করে ফায়ার সার্ভিস থেকে নোটিশ দেওয়া হয়েছে সেসব ভবনের দৃশ্যমান স্থানে ঝুঁকিপূর্ণের নোটিশ টানানোর নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। রাজউক, ফায়ার সার্ভিস কর্তৃপক্ষকে এই আদেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে। একইসঙ্গে রাজধানীর বেইলি রোডে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জনের প্রাণহানির ঘটনায় স্বরাষ্ট্র সুরক্ষা সচিবের নেতৃত্বে কমিটি গঠন করার দিয়েছেন হাইকোর্ট। কমিটিতে পুলিশ, রাজউক, ফায়ার সার্ভিস, বুয়েটের বিশেষজ্ঞ, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনের প্রতিনিধিদের রাখতে বলা হয়েছে। এই কমিটি চার মাসের মধ্যে বেইলি রোডের গ্রিন কোটি কটেজ ভবনে ভয়াবহ আগুন লাগার ঘটনার কারণ অনুসন্ধান, কারা দায়ী তা খুঁজে বের করবে। এছাড়া রাজধানীর ভবনগুলোতে অগ্নিকাণ্ড প্রতিরোধে অগ্নি-নির্বাপণ ব্যবস্থা কেমন হবে তার সুপারিশ করে আদালতে প্রতিবেদন দাখিল করবে কমিটি। পাশাপাশি আইন অনুযায়ী স্কুল, কলেজ, শপিংমলসহ রাজধানীর ভবনগুলোতে অগ্নি-নির্বাপণ ব্যবস্থা না রাখা কেনো অবৈধ হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। পৃথক দুটি রিট আবেদনের শুনানি নিয়ে সোমবার (৪ মার্চ) হাইকোর্টের বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## আবারও এপারে ভেসে আসছে গোলার শব্দ

মিয়ানমারের রাখাইন রাজ্য পুনরুদ্ধারে আরাকান আর্মির (এএ) সঙ্গে দেশটির সেনাবাহিনীর তুমুল যুদ্ধ। হেলিকপ্টার থেকে ছোঁড়া হচ্ছে গোলাবারুদ। এমন পরিস্থিতিতে তিনদিন ধরে থেমে থেমে উখিয়া-টেকনাফ সীমান্তের এপারে ভেসে আসছে গোলার বিকট শব্দ। এমন অবস্থায় রোহিঙ্গা অনুপ্রেবেশের আশঙ্কায় বিজিবি ও কোস্ট গার্ড সদস্যরা সর্তক অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। গত শনি ও রোববার (২ ও ৩ মার্চ) রাতভর ও সোমবার (৪ মার্চ) দিনে উখিয়ার থাইংখালি, টেকনাফের নাইটং পাড়া-হ্নীলা ও হোয়াইক্যং সীমান্তের এপারের বাসিন্দারা গোলার শব্দ শুনতে পেয়েছেন বলে দাবি করেছেন। সবর্শেষ সোমবার (৪ মার্চ) ভোর ও সকালে মর্টারশেল ও হেলিকপ্টার থেকে ছোঁড়া গোলার শব্দ উখিয়া-টেকনাফ সীমান্তের এপারে ভেসে আসে। এ ঘটনায় সীমান্তের এপারের মানুষ চিংড়ি ও কাঁকড়া ঘেরসহ ধানচাষে যেতে ভয় পাচ্ছেন।

হ্নীলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রাশেদ মোহাম্মদ আলী বলেন, গত কয়েকদিনে হ্নীলা সীমান্তের এপারে দফায় দফায় রাতে ও দিনে বিকট শব্দ ভেসে আসছে। বিভিন্ন মাধ্যমে খবর পেয়েছি রাখাইনে আরাকান আর্মির হাতে দখলকৃত গ্রাম পুনরুদ্ধারসহ মংড়ুর রাচিডং-বুচিডং টাউনশিপ জান্তা বাহিনীর নিয়ন্ত্রণে রাখার জন্য বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে যুদ্ধ চালিয়ে যাচ্ছে দেশটির সেনাবাহিনী। তবে এমন ঘটনায় রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বিজিবি ও কোস্ট গার্ড সদস্যরা সর্তক পাহারায় রয়েছেন। হোয়াইক্যং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অধ্যক্ষ নুর আহমদ আনোয়ারী বলেন, মিয়ানমারের রাখাইনের সংঘাত দিনের পর দিন বাড়ার কারণে সীমান্তের এপারে বসবাসকারী অনেক মানুষ তাদের চিংড়ি-কাঁকড়ার ঘের ও ধানচাষে যেতে না পেরে আতঙ্কে দিন কাটাচ্ছেন। তিনি আরও জানান, মিয়ানমারের সংঘাতের কারণে চাষাবাদে, চিংড়ি ঘেরে ও কাঁকড়া ধরতে যেসব জেলে ও শ্রমিক কাজে যেতে না পেরে বেকার হয়ে পড়েছেন তাদের প্রতি সরকারি ও বেসরকারিসহ এনজিও সংস্থার পক্ষ থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া প্রয়োজন।

উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পের মাঝি মুসা আকবর বলেন, মিয়ানমার সেনাবাহিনী ও আরাকান আর্মির (এএ) মধ্যে দেশটির অভ্যন্তরে চলমান সংঘাতে রাখাইনে ১ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত ৪০ জন রোহিঙ্গা নিহত, ১০৮ জন আহত এবং ৪ জন অপহরণের শিকার হয়েছে বলে জেনেছি। আমরা এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে উখিয়া-টেকনাফে বসবাসকারী রোহিঙ্গাদের নিয়ে গঠিত রোহিঙ্গা এফডিএমএন প্রতিনিধি কমিটির পক্ষ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করে নিন্দা জানাই। পাশাপাশি আরাকানে রোহিঙ্গাদের জন্য অবিলম্বে এবং শক্তিশালী আন্তর্জাতিক নিরাপদ অঞ্চল প্রতিষ্ঠাসহ সাধারণ রোহিঙ্গাদের ওপর হত্যা ও নির্যাতন বন্ধের দাবি করে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলসহ বিভিন্ন আন্তজার্তিক সংস্থায় অভিযোগ দিয়েছেন বলে উল্লেখ করেন তিনি।

টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আদনান চৌধুরী বলেন, মিয়ানমারের রাখাইনে সংঘাতের কারণে সীমান্ত পরিস্থিতির খোঁজ-খবর রাখা হচ্ছে। ওপারের পরিস্থিতির কারণে বিজিবি, কোস্টগার্ড ও পুলিশের টহল বাড়ানোর পাশাপাশি সীমান্তে বসবাসরতদের সতর্ক থাকতে বলা হয়েছে।(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## ধানমন্ডির গাউসিয়া টুইন পিক ভবনের ১২ রেস্তোরাঁ সিলগালা

রাজধানীর ধানমন্ডির সাত মসজিদ রোডের আলোচিত গাউসিয়া টুইন পিক ভবনের রুফটপ রেস্তোরাঁ ভেঙে ফেলছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। একইসঙ্গে ঐ ভবনে অনুমোদনহীন ও নকশাবহির্ভূতভাবে নির্মাণ করা ১২টি রেস্তোরাঁ সিলগালা করে দিয়েছে রাজউক। সোমবার (৪ মার্চ) দুপুর ১২টা থেকে রুফটপ রেস্তোরাঁটি ভাঙার কাজ শুরু করে রাজউক। এসময় ভবনের অন্য রেস্তোরাঁগুলোতে অভিযান পরিচালনা করা হয়। রাজউক সূত্রে জানা যায়, রাজউকের নিয়ম অনুযায়ী ভবনটির ছাদ ফাঁকা থাকার কথা ছিল। কিন্তু কোনো ধরনের অনুমতি ছাড়া সেখানে রেস্তোরাঁ গড়ে উঠেছে। তাই এটি ভেঙে ফেলছে রাজউক। রাজউকের জোন-৩ এর পরিচালক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তাজিনা সারোয়ার সাংবাদিকদের জানান, এ ভবনটি মূলত এফ ক্যাটাগরির। এটি অফিসের জন্য রাজউক থেকে অনুমোদন

দেওয়া হয়েছে। কিন্তু এখানে অবৈধভাবে প্রায় ৮-১০টির মতো রেস্টুরেন্ট করা হয়েছে। আমরা বিষয়গুলো খতিয়ে দেখছি। অভিযান শেষে বিস্তারিত জানাতে পারবো। গতকাল রোববার (৩ মার্চ) সন্ধ্যা থেকে রাজধানী জুড়ে বিভিন্ন রেস্তোরাঁয় অভিযান পরিচালনা করে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। অভিযানে রেস্তোরাঁগুলোর অগ্নি-নিরাপত্তা ব্যবস্থা আছে কি না বা যথাযথ অনুমতি রয়েছে কি না সেগুলো খতিয়ে দেখা হয়। অভিযানে বিভিন্ন রেস্টুরেন্টে অনিয়ম থাকার কারণে মোট ২৫ জনকে আটক করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**এবার ধানমন্ডির কেয়ারি ক্রিসেন্ট প্লাজায় অভিযান, আটক ৩**

রাজধানীর সাত মসজিদ রোডে অবস্থিত বিভিন্ন রেস্টুরেন্টের অনিয়ম পরিদর্শন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। সোমবার (৪ মার্চ) বিকেল ৩টার দিকে আদালতের অভিযান শুরু হয়। পরিচালনা করেন ডিএসসিসির নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. জাহাঙ্গীর আলম। অভিযান চালাকালে কেয়ারি ক্রিসেন্ট প্লাজা থেকে তিনজনকে আটক করে পুলিশ। তবে তাৎক্ষণিক তাদের নাম-পরিচয় এবং তাদের বিরুদ্ধে কী অভিযোগ তা জানা যায়নি। বিকেল ৪টা পর্যন্ত এই ভবনে অভিযান চলছিল। নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জাহাঙ্গীর আলম জাগো নিউজকে বলেন, কেয়ারি ক্রিসেন্ট প্লাজায় নিয়মবহির্ভূতভাবে অনেকগুলো রেস্টুরেন্ট গড়ে উঠেছে। সেখানে অভিযান চালিয়ে অনিয়ম পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**এস আলম চিনি মিলে আগুন, নিয়ন্ত্রণে ৯ ইউনিট**

চট্টগ্রামের কর্ণফুলীতে এস আলম চিনি মিলে আগুন লেগেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ৯ ইউনিট। ফায়ার সার্ভিসের আগ্রাবাদ কন্ট্রোল রুম সূত্র জানায়, বিকেল পৌনে ৪টার দিকে কর্ণফুলী থানাধীন ইছানগর এলাকার চিনি মিলটির গোডাউনে আগুন লাগে। ৩টা ৫৩ মিনিটে আগুন লাগার খবর পেয়ে কর্ণফুলী, আনোয়ারা ফায়ার স্টেশন আগুন নির্বাপণে কাজ করছে। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের সহকারী পরিচালক আবদুল মালেক জাগো নিউজকে বলেন, এস আলম রিফাইন্ড সুগার মিলের ৫ম তলায় আগুনের সূত্রপাত হয়। ফায়ার সার্ভিসের ৫টি স্টেশনের ৯টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। কালো ধোঁয়ায় পুরো এলাকা আচ্ছন্ন হয়ে আছে, বাতাস থাকায় আগুন নিয়ন্ত্রণে বেগ পেতে হচ্ছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**এস আলমের চিনি কারখানার আগুন নেভাতে কোস্টগার্ড-বিমানবাহিনী**

চট্টগ্রামের কর্ণফুলীতে দেশের বৃহত্তম শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের চিনি কারখানায় লাগা আগুন নির্বাপণ কাজে ফায়ার সার্ভিসের সঙ্গে যোগ দিয়েছে কোস্টগার্ড ও বিমানবাহিনীর একাধিক ইউনিট। তবে চিনির কাঁচামালের গুদামটিতে এখনো আগুন জ্বলছে। সোমবার (৪ মার্চ) সন্ধ্যায় ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের সহকারী পরিচালক আবদুল মালেক জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন। ফায়ার সার্ভিসের আগ্রাবাদ কন্ট্রোল রুম সূত্র জানায়, আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৯টি ইউনিট শুরু থেকে কাজ করছে। পরে তাদের সঙ্গে কোস্টগার্ড ও বিমানবাহিনীর একাধিক ইউনিট যোগ দিয়েছে। এস আলম গ্রুপের নির্বাহী পরিচালক সুব্রত কুমার ভৌমিক জাগো নিউজকে বলেন, মিল চালু থাকা অবস্থায় আগুন চারদিকে ছড়িয়ে যায়। ভেতরে কেউ আটকা পড়েছে কি না বা কোথা থেকে আগুনের সূত্রপাত এর কিছুই জানতে পারিনি। আগুন নির্বাপণে ফায়ার সার্ভিসকে সহায়তা করার চেষ্টা করছি। তিনি বলেন, গোডাউনে থাকা ব্রাজিল থেকে আমদানি করা ১ লাখ টন চিনির কাঁচামাল ছিল, যা পুড়ে গেছে বলে আশঙ্কা করা হচ্ছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**এস আলমের কারখানায় আগুনে পুড়লো এক লাখ টন চিনি**

চট্টগ্রামের কর্ণফুলীতে দেশের বৃহত্তম শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের চিনি কারখানায় লাগা আগুনে এক লাখ মেট্রিক টন চিনি পুড়ে গেছে। এই বিপুল পরিমাণ চিনি আসন্ন রমজান ঘিরে আমদানি করা হয়েছিল। সোমবার (৪ মার্চ) সন্ধ্যায় শিল্প গ্রুপটির পক্ষ থেকে জানানো হয়েছে, আসন্ন রমজান ঘিরে মজুত করা এক লাখ মেট্রিক টন অপরিশোধিত চিনির পুরোটাই আগুনে পুড়ে গেছে। এস আলম গ্রুপের নির্বাহী পরিচালক সুব্রত কুমার ভৌমিক জাগো নিউজকে বলেছেন, রমজানের জন্য এক লাখ মেট্রিক টন অপরিশোধিত চিনি মজুত করা হয়েছিল। এই চিনি ব্রাজিল থেকে আমদানি করা হয়েছিল। আগুনের পরিস্থিতি দেখে বোঝা যাচ্ছে চিনি আর অবশিষ্ট নেই। ফলে রমজানে আমাদের পক্ষে বাজারে চিনি দেওয়া সম্ভব হবে না। তিনি বলেন, মিল চালু থাকা অবস্থায় আগুন চারদিকে ছড়িয়ে যায়। ভেতরে কেউ আটকা পড়েছে কি না বা কোথা থেকে আগুনের সূত্রপাত এর কিছুই আমরা জানতে পারিনি। তিন ঘণ্টায়ও আগুন নিয়ন্ত্রণে আসেনি। আগুন যেন মূল কারখানায় ছড়িয়ে না পড়ে ফায়ার সার্ভিস কর্মীরা সে চেষ্টাই করছেন। আমরাও তাদের সহায়তা করছি।(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**ভাইভা চলাকালীন শিক্ষার্থীকে গুলি করলেন শিক্ষক**

সিরাজগঞ্জ শহিদ এম মনসুর আলী মেডিকেল কলেজে তমাল নামের এক শিক্ষার্থীকে গুলি করার অভিযোগ উঠেছে শিক্ষকের বিরুদ্ধে। এতে উত্তপ্ত হয়ে উঠেছে ক্যাম্পাস। শিক্ষার্থীদের অভিযোগ, মেডিসিন বিভাগের শিক্ষক রায়হান শরিফ ভাইভা চলাকালীন কোনো কারণ ছাড়াই তমালের ডান পায়ে গুলি করেন। পরে তমালকে উদ্ধার করে

হাসপাতালে ভর্তি করা হয়। সোমবার (৪ মার্চ) বিকেল ৩টার দিকে সিরাজগঞ্জ শহিদ এম মনসুর আলী মেডিকেল কলেজের শ্রেণিকক্ষে এ ঘটনা ঘটে। আহত তমাল বিশ্ববিদ্যালয়ের ফরেনসিক বিভাগের তৃতীয়বর্ষের ছাত্র বলে জানা গেছে। তৃতীয়বর্ষের শিক্ষার্থী জাহিন শাহরিয়ার জাগো নিউজকে বলেন, 'ভাইভা চলাকালীন ৪৫ জন শিক্ষার্থীর উপস্থিতিতে শিক্ষক রায়হান শরিফ তমালের ডান পেয়ে গুলি করেন। ঐ শিক্ষকের শাস্তি দাবিতে শিক্ষার্থীরা ক্লাস বর্জনের ঘোষণা দিয়েছেন।' শহিদ এম মনসুর আলী মেডিকেল কলেজের অধ্যক্ষ আমিরুল হোসেন চৌধুরী বলেন, ওই শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। সিরাজগঞ্জ পুলিশ সুপার (এসপি) আরিফুর রহমান মণ্ডল জাগো নিউজকে বলেন, এ ঘটনায় কলেজে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। তবে বিষয়টি পুরোপুরি না জেনে কিছু বলা যাচ্ছে না। (জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## রাজধানী জুড়ে রেস্টুরেন্টে নজর রাখছে ডিবি : হারুন

রাজধানীর বিভিন্ন রেস্টুরেন্টে পুলিশের পাশাপাশি গোয়েন্দা পুলিশও নজর রাখছে। যেসব রেস্টুরেন্টে অগ্নিঝুঁকি রয়েছে এবং নিরাপত্তা নেই তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সোমবার (৪ মার্চ) রাজধানীর মিন্টো রোডে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এ কথা জানান ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ। বেইলি রোডের ঘটনা উল্লেখ করে ডিবি প্রধান বলেন, গ্রিন কোজি কটেজে আগুনে নিহতের তালিকায় আমাদের একজন পুলিশ কর্মকর্তার মেয়ে বুয়েটের শিক্ষার্থী রয়েছেন। এ ঘটনায় ৪৬ জন নিহত হন। এই এক আগুনে কত মায়ের কোল খালি হয়েছে। যার সন্তান মারা যায় সেই শোক বোঝেন। তিনি আরও বলেন, মানুষ মারা যাওয়ার পর শোক করি, কান্না করি, জ্ঞান দেই। আসলে আমাদের প্রতিটি সংস্থার যে দায়িত্ব আছে, সেগুলো যদি আমরা পালন করতাম, তাহলে এমন ঘটনা হয়তো ঘটতো না। তাই এখন আমরা প্রতিটি রেস্টুরেন্টে খোঁজ নিচ্ছি।

যেসব রেস্টুরেন্টে অনিয়ম রয়েছে তাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া হবে উল্লেখ করে ডিবি প্রধান বলেন, ঢাকা শহরে এমন কোনো রেস্টুরেন্ট আছে কি না যেগুলোতে অগ্নি-নিরাপত্তা মানা হচ্ছে না, দ্রুত বের হওয়ার রাস্তা আছে কি না, বাতাস চলাচলের রাস্তা আছে কি না আমরা সবকিছুর খোঁজ নিচ্ছি। কোনো অনিয়ম পেলে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করবো এবং পুলিশের আইনি পদক্ষেপ নেওয়া হবে। হারুন অর রশীদ আরও বলেন, এমন দুর্ঘটনার পেছনে গাফিলতি থাকেই। ঘটনা ঘটার পর আমরা গাফিলতি খুঁজি। নিয়ম-কানুন না মেনে যত্রতত্রভাবে ভবন বানানো হচ্ছে। এসব ভবনের খোঁজ-খবর যদি আগে থেকে নিয়ে রাখা হতো, তাহলে এমন ঘটনা ঘটতো না। বঙ্গবাজার, নিমতলী, বনানীর এফআর টাওয়ারে মতো এমন ঘটনা বারবার ঘটতো না।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

## বাংলাদেশে ৫০ হাজার টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দিলো ভারত

বাংলাদেশে ৫০ হাজার টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দিয়েছে ভারত। বাংলাদেশের পাশাপাশি মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাতেও ১৪ হাজার ৪০০ টন পেঁয়াজ রপ্তানি করার অনুমতি দিয়েছে মোদী সরকার। সোমবার (৪ মার্চ) এক বিজ্ঞপ্তিতে ভারতের বৈদেশিক বাণিজ্য বিষয়ক মহাপরিচালকের দপ্তর (ডিজিএফটি) এই তথ্য জানিয়েছে। শনিবার (২ মার্চ) বাংলাদেশের বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বলেছিলেন, এই সপ্তাহেই ভারত থেকে ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ আসবে।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি ও টাইমস অফ ইন্ডিয়া বলছে, বন্ধুপ্রতীম কিছু দেশে নির্দিষ্ট পরিমাণ পেঁয়াজ রপ্তানির অনুমতি দিয়েছে। এসব দেশের অনুরোধের ভিত্তিতেই অনুমতি দিয়েছে নয়াদিল্লি। আর এই রপ্তানি প্রক্রিয়া সম্পন্ন করা হবে দেশটির রাষ্ট্রায়ত্ব সংস্থা ন্যাশনাল কো-অপারেটিভ এক্সপোর্ট লিমিটেডের (এনসিইএল) মাধ্যমে। এনসিইএল ভারতের একটি আন্তঃরাজ্য সমবায় প্রতিষ্ঠান। এর মধ্যে গুজরাট কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন, ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো-অপারেটিভ লিমিটেড, কৃষক ভারতী কো-অপারেটিভ লিমিটেডসহ একাধিক প্রতিষ্ঠান এই সমবায়ের আওতায় রয়েছে। এর আগে ১৯ ফেব্রুয়ারি বাংলাদেশে সীমিত পরিমাণে পেঁয়াজ রপ্তানির অনুমতি দেয় ভারত। বাংলাদেশের সঙ্গে সঙ্গে শ্রীলঙ্কা, নেপাল, ভুটান, বাহরাইন ও মরিশাসেও পেঁয়াজ রপ্তানির অনুমতি দেয় বিজেপি সরকার। তবে পেঁয়াজ রপ্তানির ওপর আরোপিত নিষেধাজ্ঞা সম্পূর্ণ প্রত্যাহার করে নেওয়ার বিষয়ে এখন পর্যন্ত কোনো সিদ্ধান্ত নেয়নি নয়াদিল্লি।

এর আগে, পবিত্র রমজান মাসে দেশের বাজারে পেঁয়াজের দাম কমাতে নির্দিষ্ট পরিমাণে চিনি ও পেঁয়াজের অনুমতি দিতে ভারতকে আনুষ্ঠানিক চিঠি দিয়েছিল বাংলাদেশ সরকার। ১৮ ফেব্রুয়ারি দুপুরে সচিবালয়ের নিজ দপ্তরে বাংলাদেশের বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু সাংবাদিকদের জানান, রোজার আগেই ভারত থেকে দেড় লাখ টন চিনি ও পেঁয়াজ আমদানি করা হবে। এর মধ্যে ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ ও ১ লাখ মেট্রিক টন চিনি। বিশ্ব বাজারের দ্বিতীয় বৃহত্তম পেঁয়াজ রপ্তানিকারক ভারত। গত বছরের ডিসেম্বরে স্থানীয় বাজার স্থিতিশীল রাখতে পেঁয়াজ রপ্তানিতে নিষেধাজ্ঞা আরোপ করে দেশটির সরকার। জাতীয় নির্বাচনের আগে ভারতের বাজারে ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ ও পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করতে দ্বিতীয় দফায় আগামী মার্চ পর্যন্ত পেঁয়াজ রপ্তানির নিষেধাজ্ঞার মেয়াদ বাড়ায় দেশটি। রপ্তানি নিরুৎসাহিত করতে দেশটির সরকার প্রথমে পেঁয়াজের ওপর ৪০ শতাংশ শুল্ক আরোপ করে। তারপরও আশানুরূপ ফল না পাওয়ায় পেঁয়াজের রপ্তানি পুরোপুরি নিষিদ্ধ করে ভারত। সেসময় ভারত সরকার বলে, পেঁয়াজ

রপ্তানির এই নিষেধাজ্ঞা ঐ বছরের ৩১ মার্চ পর্যন্ত কার্যকর থাকবে। দেশটির সরকার গত বছরের অক্টোবরে ভোক্তাদের স্বস্তি দিতে খুচরা বাজারে ভর্তুকি দিয়ে প্রতি কেজি পেঁয়াজ ২৫ রুপিতে বিক্রির লক্ষ্যে মজুত বাড়ানোর সিদ্ধান্ত নেয়।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

**ঢামেকে পদে পদে দালাল, চক্রে জড়িত কর্মচারী-স্টাফরা**

দীর্ঘ এক মাসেরও বেশি সময় ধরে জাতীয় নিরাপত্তা গোয়েন্দার (এনএসআই) দেওয়া তথ্যের ভিত্তিতে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে দালালবিরোধী অভিযান পরিচালন করে পুলিশের এলিট ফোর্স র‍্যাব। অভিযানে দালাল চক্রের ৫৮ সদস্যকে গ্রেফতারের পর তাদের বিভিন্ন মেয়াদে সাজা দিয়েছে র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত। র‍্যাব বলছে, ঢামেকে চিকিৎসা নিতে আসা অসহায় রোগীদের জিম্মি করে দালালরা টাকা হাতিয়ে নিত। চক্রের সঙ্গে জড়িত হিসেবে হাসপাতালের চতুর্থ শ্রেণির কর্মচারী ও বেশকিছু স্টাফের নাম র‍্যাবের হাতে এসেছে। ঢামেকে প্রায় দুইশো দালাল রয়েছে, যারা প্রতিনিয়ত রোগীদের জিম্মি করে টাকা হাতিয়ে নেয়। সোমবার (৪ ফেব্রুয়ারি) বিকেলে ঢামেক হাসপাতাল প্রাঙ্গণে দালালবিরোধী অভিযান শেষে এসব কথা বলেন র‍্যাব-৩ এর অধিনায়ক লে. কর্নেল আরিফ মহিউদ্দিন আহমেদ। তিনি বলেন, র‍্যাব-৩ এর আভিযানিক দল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল প্রাঙ্গণে দালালবিরোধী অভিযান পরিচালনা করেছে। অভিযানে প্রায় ৫৮ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতার দালালরা হাসপাতালের ব্লাড ব্যাংক, বিভিন্ন ওয়ার্ড ও বহির্বিভাগসহ বিভিন্ন জায়গা থেকে রোগীদের জিম্মি করে বেসরকারি মেডিকেলে নিয়ে যেতো। লে. কর্নেল আরিফ মহিউদ্দিন আহমেদ বলেন, দীর্ঘদিন ধরে সাধারণ ও অসহায় রোগীদের জিম্মি করে এসব দালাল টাকা হাতিয়ে নিচ্ছিল। আমাদের অভিযান চলমান থাকবে। দালালদের দৌরাত্ম্য কমাতে সবগুলো মেডিকেল কলেজে একযোগে অভিযান পরিচালনা করা হবে, যেন সাধারণ নাগরিক কোনোভাবে হয়রানির শিকার না হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতার দালালদের বরাত দিয়ে র‍্যাব-৩ এর অধিনায়ক জানান, হাসপাতালের চতুর্থ শ্রেণির কর্মচারী ও বেশকিছু স্টাফদের নাম আমরা পেয়েছি। তাদের বিষয়ে ঢামেক হাসপাতাল কর্তৃপক্ষকে জানিয়েছি। হাসপাতালের যে আইন রয়েছে, সে বিষয়ে নিশ্চয় হাসপাতাল কর্তৃপক্ষ ব্যবস্থা নেবে। দালাল চক্রের সঙ্গে কোনো চিকিৎসক জড়িত কি না- জানতে চাইলে তিনি বলেন, এখন পর্যন্ত কোনো চিকিৎসকের জড়িত থাকার বিষয়ে তথ্য পাওয়া যায়নি। ঢামেক হাসপাতালে দালাল চক্রের সদস্য সংখ্যা কত জানতে চাইলে র‍্যাবের এ কর্মকর্তা বলেন, হাসপাতালে দেড় থেকে দুইশো দালাল রয়েছে। তারা প্রতিদিন অসহায় রোগীদের জিম্মি করে টাকা হাতিয়ে নিচ্ছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৪.০৩.২০২৪ নারগীস)

# BBC

**GANGS THREATEN HAITI TAKEOVER AFTER MASS JAILBREAK**

The government of Haiti declared a 72-hour state of emergency on Sunday after armed gangs stormed a major Port-au-Prince prison. At least 12 people were killed and about 3,700 inmates escaped in the jailbreak. Gang leaders say they want to force the resignation of Prime Minister Ariel Henry, who had travelled abroad. The groups aiming to oust him control around 80% of Port-au-Prince. Gang violence has plagued Haiti for years.
(BBC Web Page: 04/03/24, FARUK)

**US TOP COURT POISED TO ISSUE KEY TRUMP 2024 RULING**

The US Supreme Court is expected to rule on Monday on whether states can use an anti-rebellion constitutional clause to keep Donald Trump off the 2024 ballot. Colorado used a little-known amendment to the Constitution to remove him from the state's Republican primary ballot, citing the 6 January riot. Fifteen states including Colorado hold their primary elections on Tuesday. The court said it would post an opinion at 10:00 ET (15:00 GMT).
(BBC Web Page: 04/03/24, FARUK)

**GERMANY UNDER PRESSURE TO EXPLAIN LEAKED PHONE CALL**

Germany is scrambling to explain how a conversation of air force officials discussing giving Ukraine long-range missiles was leaked by Russian sources. Last week, Russia's state-run RT channel posted an audio recording of the meeting. The officers can be heard discussing how the missiles could hit the Kerch Bridge, which links Russia to Crimea. The breach has sparked major concerns about Germany's security among allies.
(BBC Web Page: 04/03/24, FARUK)

**OUTRAGE OVER BRAZILIAN TOURIST'S GANG RAPE IN INDIA**

The alleged gang rape of a tourist with Brazilian-Spanish dual nationality in the eastern Indian state of Jharkhand has led to outrage. The 28-year-old woman and her husband, who were on a motorbike tour, had stopped for the night in Dumki district when the alleged attack took place. Police say that they have arrested four men and are searching for three more. The identities of the men, who are also accused of beating the woman's partner, have not

been disclosed yet. The couple had travelled to several parts of Asia on their motorbikes before arriving in India a few months ago. (BBC Web Page: 04/03/24, FARUK)

**NEW US-RUSSIAN CREW HEADS TO SPACE STATION**

A SpaceX Falcon 9 rocket carrying three US astronauts and one Russian cosmonaut has blasted off from Florida bound for the International Space Station (ISS). The Crew-8 mission will be in space for six months. Space is one of the few areas where the US and Russia continue to co-operate closely despite the war in Ukraine. The three men and one woman are in a capsule used in space four times before by Elon Musk's SpaceX firm. They plan to do various experiments. (BBC Web Page: 04/03/24, FARUK)

**NIKKI HALEY DEFEATS TRUMP IN WASHINGTON DC PRIMARY**

Nikki Haley has defeated Donald Trump in the Republican primary in Washington DC. This is her first victory over the former president in the 2024 campaign to become the Republican presidential candidate. She lost in South Carolina, her home state. But she is the first woman to win a Republican primary in US history. Mr Trump however has a huge lead over Ms Haley and is likely to face Joe Biden in the November election.
(BBC Web Page: 04/03/24, FARUK)

**RWANDA BILL BEGINS TRICKY LORDS STAGE**

The government's attempts to send some asylum seekers to Rwanda will be voted on by the House of Lords later. There will be votes this afternoon and this evening, and again on Wednesday - almost two years after ministers first announced the plan to send some migrants to east Africa. The government has promised that the first flights to Rwanda will happen in the spring. Since then, the legislative digestive process has been gurgling on in the House of Lords, and will now lead to some votes. (BBC Web Page: 04/03/24, FARUK)

**US URGES MORE AID FOR STARVING PEOPLE IN GAZA**

US Vice-President Kamala Harris says people in Gaza are starving and has urged Israel to significantly increase the flow of aid there. She said "there must be an immediate ceasefire for at least the next six weeks", which would" "get the Israeli hostages out". Earlier, Israel did not attend truce talks in Egypt, saying Hamas was not giving a list of hostages still alive. Hamas told the BBC it was unable to do so because of the Israeli bombing. "Practically it is impossible to know who is still alive," said Dr Basem Naim, a senior Hamas official.
(BBC Web Page: 04/03/24, FARUK)

**INDIA TRAIN CRASH DRIVERS DISTRACTED BY CRICKET MATCH**

The drivers of a train that crashed in southern India in October, killing 14 people, were distracted watching a cricket match on a phone, India's railways minister said. Dozens more were injured when the train missed a signal and collided with another train in Andhra Pradesh state. Railways minister Ashwini Vaishnaw said the drivers were watching India paly England during the one-day World Cup. He said new safety measures would be installed to detect such distractions. (BBC Web Page: 04/03/24, FARUK)

**:: The End ::**